# নারীপক্ষ'র সাংগঠনিক বার্ষিক কার্যক্রম প্রতিবেদন

১৬ কার্তিক ১৪২৬- ১১ অগ্রহায়ণ ১৪২৭ /০১ অক্টোবর ২০১৯ - ২৬ নভেম্বর ২০২০

**নারীপক্ষ**

নীলু স্কয়ার (৫ম তলা), বাড়ী-৭৫, সড়ক- ৫/এ, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯।

# <u>সূচিপত্র</u>

পৃষ্ঠা নং


১। নারীপক্ষ'র নিয়মিত অনুষ্ঠান ........ ৩
(ক) মুক্ত ফোরাম ........ ৩
(খ) ২৫ নভেম্বর, নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস ........ ৩
(গ) আলোর স্মরণে কাটুক আঁধার ........ ৩
(ঘ) আন্তর্জাতিক নারী দিবস- ৮ মার্চ ২০১৯ ........ ৩
২। নাসরীন হক এর ১৪তম মৃত্যুবার্ষিকী ........ ৪
**৩। বিশেষ সাধারণ সভা** ........ ৪
৪। রোকেয়া বুলি শিক্ষা বৃত্তি ........ ৪
৫। অবস্থান কর্মসূচী ........ ৫
৬। নারীপক্ষ'র বিভিন্ন সভা ও বৈঠক........ ৫
(ক) মাসিক বৈঠক ........ ৫
(খ) সাপ্তাহিক বৈঠক ........ ৫
(গ) নির্বাহী পরিষদ বৈঠক ........ ৬-১১
(ঘ) কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠক........ ১১
(ঙ) ব্যবস্থাপনা বৈঠক ........ ১১
(চ) কর্মী বৈঠক ........ ১২
(ছ) ক্রয় বিক্রয় কমিটির বৈঠক ........ ১১-১৩
**৭। নারীপক্ষ'র সকল প্রকাশনা নিয়ে কাজ** ........ ১৩
**৮। স্বাস্থ্য নিয়ে নারীপক্ষ'র ভাবনা** ........ ১৩
৯। ১৩ মে, নারীপক্ষ'র প্রতিষ্ঠা বার্ষিকী ........ ১৩
১০। নতুন কর্মসূচী গ্রহণ ........ ১৪
**১১। 'নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা** ........ ১৪
**১২। নাসরীন হক এর জন্ম বার্ষিকী- ১৮ নভেম্বর ২০২০** ........ ১৪
১৩। নারীপক্ষ থেকে বিভিন্ন সভা/কর্মশালা/বৈঠকে অংশগ্রহণ ........ ১৪-১৬
১৪। দেশের বাইরে এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণ ........ ১৬
১৫। প্রতিবাদ বিবৃতি ........ ১৭-১৮
১৬। প্রতিবাদ জানিয়ে মন্ত্রণালয়ে ও অন্যান্য চিঠি ........ ১৮
১৭। অভিনন্দনপত্র ........ ১৮
১৮। শোকবার্তা ও শোক সংবাদ ........ ১৯
১৯। সদস্য সংবাদ ........ ১৯-২০
২০। কর্মী সংবাদ ........ ২০

১। **<u>নারীপক্ষ'র নিয়মিত অনুষ্ঠান:</u>**

**(ক) মুক্ত ফোরাম : প্রতিবেদনকালে মুক্ত ফোরাম/বিশেষ আলোচনা অনুষ্ঠিত হয়েছে ১টি যা নিম্নরূপ:**

- ১২ ফাল্গুন ১৪২৬/২৫ ফেব্রুয়ারি ২০২০, বিকাল ৫:৩০ নারীপক্ষ'র নাসরীন হক সভাকক্ষে **"জেনোসাইড ও নারীর '৭১"** বিষয়ে আলোচক হিসেবে উপস্থিতি ছিলেন হাসান মোরশেদ, প্রতিষ্ঠাতা- '১৯৭১ আর্কাইভ এবং লেখক- নারী সাক্ষ্যে জেনোসাইড।

**(খ). 'নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস' ২০১৯ এবং ২০২০ উদ্‌যাপন:**

- **নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস- ২০২০ উদযাপন:**

  **'নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস' উপলক্ষে ১০ অগ্রহায়ণ ১৪২৭/২৫ নভেম্বর ২০২০ প্রজন্মান্তরে নারীবাদী মৈত্রী'র ব্যানারে 'মুক্তির মিছিল' শীর্ষক ঝটিকা প্রতিবাদসহ মশাল মিছিল করা হয়। "মুক্তির মিছিল"টি নারীপক্ষ কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে সংসদ ভবনের সামনে গিয়ে শেষ হয়।**

  এছাড়াও **নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস উপলক্ষ্যে** 'অধিকার আন্দোলনে নারীর নেতৃত্ব' প্রকল্প থেকে "লড়াইটা ভাষারও" শীর্ষক পোষ্টার মুদ্রণ করা হয়। ২৫ নভেম্বর অনলাইনে পোষ্টার এর মোরক উন্মোচন করার কথা থাকলেও এটি ডিসেম্বরের প্রথম সপ্তাহে করার পরিকল্প করা রয়েছে।

- গত ১০ অগ্রহায়ণ ১৪২৬/২৫ নভেম্বর ২০১৯ নারীপক্ষ'র উদ্যোগে দেশব্যাপী (ঢাকা ও ঢাকার বাইরে ২৪টি জেলায়) ১২৬টি সহযোগী সংগঠন "নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস" পালন করে। এবারের প্রতিপাদ্য ছিল "নারী ও শিশু ধর্ষণ এবং সকল যৌন সহিংসতার বিরুদ্ধে **আমরা**।" এই কর্মসূচিতে ঘোষণাপত্র পাঠ, প্রচাপত্র বিতরণ করে এবং ২০টি সংগঠন প্রতীকী অনশন কর্মসূচি ও ১০৬টি সংগঠন অবস্থান কর্মসূচি পালন করে।

- <u>নারী ও শিশু ধর্ষণ ও সকল যৌন সহিংসতার বিরুদ্ধে আয়োজিত সমাবেশে:</u>
  ১২ অগ্রহায়ণ ১৪২৬/২৭ নভেম্বর ২০১৯ বিকাল ৩টায় কেন্দ্রীয় শহীদ মিনারে 'আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ'- ২০১৯ উদযাপন করা হয়। মানুষের জন্য ফাউন্ডেশন এবং অন্যান্য মানবাধিকার ও নারী অধিকার সংগঠন ও ব্যক্তিখাত প্রতিষ্ঠানসমূহ সম্মিলিতভাবে সমাবেশটি আয়োজন করে। নারীপক্ষ এই সমাবেশে অংশগ্রহণ করে এবং মঞ্চ সজ্জা, সাউন্ড-সিস্টেম ও অন্যান্য সহযোগিতা দেয়।

**(গ). 'আলোর স্মরণে কাটুক আঁধার' অনুষ্ঠান ২০১৯:**

২৫ অগ্রহায়ণ ১৪২৬/১০ ডিসেম্বর ২০১৯ সন্ধ্যা ৫:১৫ মি. কেন্দ্রীয় শহীদ মিনারে মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে নারীপক্ষ'র শ্রদ্ধাঞ্জলি **'আলোর স্মরণে কাটুক আঁধার'** বিশেষ স্মরণ অনুষ্ঠান করা হয়। ১৯৮৮ সাল থেকে প্রতি বছর ডিসেম্বর মাসে বিজয় দিবসের প্রাক্কালে মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে বিভিন্ন প্রতিপাদ্য নির্ধারণ করে নারীপক্ষ নিয়মিতভাবে "আলোর স্মরণে কাটুক আঁধার" অনুষ্ঠানটি উদ্‌যাপন করে থাকে। ২০১৯- এর প্রতিপাদ্য ছিলো **"স্বাধীনতা কে পেলো"**। অনুষ্ঠান আয়োজনে সমন্বয়কের দায়িত্ব পালন করেন নারীপক্ষ'র সদস্য নাজমুন নাহার।

অনুষ্ঠানে ঘোষণাপত্র পাঠ করেন নারীপক্ষ'র সদস্য রেহানা সামদানী। গান পরিবেশন করেন 'সুরতীর্থ' এর সদস্য ও বিমান চন্দ্র বিশ্বাস। আবৃত্তি করেন হুরে জান্নাত ও ইকবাল আহমেদ। স্মৃতিচারণ করেন মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা স্বর্ণলতা ফলিয়া, মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা কানন গমেজ এবং মুক্তিযোদ্ধা মান্না আহমেদ ও মুক্তিযোদ্ধা কায়সার আলী। মনীষা মজুমদার এর আহ্বানের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুরু এবং কামরুন নাহার এর ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে প্রায় এক ঘন্টাব্যাপী এই অনুষ্ঠানের সমাপ্তি হয়।

**(ঘ) 'আন্তর্জাতিক নারী দিবস' ২০১৯:**

আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উদযাপনের জন্য রবীন্দ্র সরোবর বুকিং দেয়া হয়েছিল। হঠাৎ করে রবীন্দ্র সরোবর এর মেরামত কাজ শুরু হয় এবং লকডাউনের কারণে অন্য কোন জায়গা বুকিং পাওয়া যায়নি। পুলিশ কমিশন থেকেও অনুমোদন পাওয়া যায়নি। এমতাবস্থায় ১০ মার্চ ২০২০ মঙ্গলবার সভায় চুয়াডাঙ্গা থেকে আসা নারী কসাই তার জীবনের চড়াই উৎরাই তুলে ধরেন। তার এই আলোচনাটি ভিডিও করা হয়।

**২। নাসরীন হক এর ১৪ তম মৃত্যু বার্ষিকী:**

২৪ শে এপ্রিল ২০২০ আমাদের প্রাণের মানুষ উজ্জ্বল নক্ষত্র নাসরীন হক এর জীবন অবসান এর দিন। কোভিড অতিমারিরর কারণে ঐ দিন নারীপক্ষ "মহাদুর্যোগ কবলিত এ বিশ্ব খুঁজছে তোমায়" শিরোনামে একটি অনলাইন অনুষ্ঠান করে। নারীপক্ষ'র সদস্য, কর্মী, নাসরীন হক এর বন্ধু, স্বজন ও অন্যান্যরা অনলাইনে অংশগ্রহণ করেন। আলোচনা, কবিতা আবৃত্তি ও গান দিয়ে সাজানো হয়েছিল অনুষ্ঠানটি।

**৩। বিশেষ সাধারণ সভা:**

২৩ আশ্বিন ১৪২৭/৮ অক্টোবর ২০২০, সন্ধ্যা ৭:১৫ - রাত ৮:২৫ জুম অনলাইনে একটি বিশেষ সাধারণ সবা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন মাহমুদা বেগম গিনি, সভানেত্রী, নারীপক্ষ।

সর্বমোট ৭৭ জন সাধারণ সদস্যের মধ্যে সভায় মোট ২৯ জন সদস্য উপস্থিত ছিলেন।
নারীপক্ষ'র ২০১৯-২০২১ বছরের ১১ সদস্য বিশিষ্ট নির্বাহী পরিষদ- এর সদস্য এবং নারীপক্ষ'র কোষাধ্যক্ষ আফসানা চৌধুরী এমি তার পেশাগত ও ব্যক্তিগত সমস্যার জন্য উভয় পদ থেকে অব্যাহতি নিয়েছেন। গত ৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০ অনুষ্ঠিত নির্বাহী পরিষদ বৈঠকে উক্ত শূণ্য পদে কে এ জাহান রুমীকে কো-অপ্ট করা হয় কিন্তু তিনি ঢাকার বাইরে অবস্থান করেন বিধায় কোষাধ্যক্ষের দায়িত্ব নিতে অপারগ এবং নির্বাহী পরিষদেও অপর কোন সদস্যও এখন এই দায়িত্ব নিতে পারছেন না। এমতাবস্থায়, সংগঠনের কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য নির্বাহী পরিষদেও সদস্য সংখ্যা বাড়িয়ে ১৩ জন করা এবং নতুন নির্বাচিত সদস্যদ্বয়ের মধ্য থেকে একজনকে কোষাধ্যক্ষের দায়িত্ব দেয়ার উদ্দেশ্যে এই বিশেষ সাধারণ সভা।

আলোচনায় দেখা যায়, অমিতা দে এবং খোদেজা খাতুন ১৮ ভোট পেয়ে  ১২ ও ১৩তম স্থানে আছেন কিন্তু খোদেজা খাতুন যেহেতু পূর্ববর্তী (২০১৭ - ২০১৯) নির্বহী পরিষদে ছিলেন সেহেতু নতুন কাউকে নেয়ার সুপারিশ করেন সভানেত্রী।
এরপর ১৬ ভোট পেয়ে ১৪ ও ১৫তম স্থানে থাকা সদস্য গীতা দাস এবং আসমা বীথির নাম প্রস্তাব করা হয়। গীতা দাস তার পেশাগত কারণে এই দায়িত্বে আসতে অপারগতা জানান। আসমা বীথি সদস্য হিসেবে যুক্ত হতে সম্মত থাকলেও কোষাধ্যক্ষের দায়িত্ব নিতে অপারগতা জানান। সে ক্ষেত্রে, অমিতা দে- কে সদস্য হিসেবে যুক্ত হয়ে কোষাধ্যক্ষের দায়িত্ব নিতে প্রস্তাব করা হলে তিনি সম্মতি জানান।

***২০১৯-২০২১ মেয়াদের নির্বাহী পরিষদের সদস্য সংখ্যা ১৩ জন করা হয়। পূর্বের ১১ জনের সাথে নব নির্বাচিত দুই জন সদস্য হলেন, অমিতা দে এবং আসমা বীথি। অমিতা দে ২০১৯-২০২১ মেয়াদে নারীপক্ষ'র কোষাধক্ষের দায়িত্ব পালন করবেন; অর্থাৎ,*** **২০১৯-২০২১ মেয়াদের নির্বাহী পরিষদের ১৩ জন সদস্য হলেন  (পদসহ):**

১. মাহমুদা বেগম গিনি (সভানেত্রী)
২. তামান্না খান পপি (আন্দোলন সম্পাদক)
৩. ইউ এমহাবিবুন নেসা (প্রকল্প সম্পাদক)
৪. নাজমুন নাহার শেলী (প্রচার সম্পাদক)
৫. অমিতা দে  (কোষাধ্যক্ষ)
৬. ফজিলা বানু লিলি
৭. অর্চনা বিশ্বাস
৮. শিরীন হক
৯. ফিরদৌস আজীম
১০. মাহীন সুলতান
১১. রীনা রায়
১২. কে এ জাহান রুমী
১৩. আসমা বীথি।

**৪। রোকেয়া বুলি শিক্ষা বৃত্তি:**

রোকেয়া বুলি শিক্ষা বৃত্তির আওতায় আম্বিয়া খাতুনকে বৃত্তি প্রদান অব্যাহত আছে। আম্বিয়া খাতুন সিরাজগঞ্জের শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজের পঞ্চম বর্ষে উত্তীর্ণ হয়েছে।

৫। **অবস্থান কর্মসূচি:**

- **'ধর্মীয় উন্মাদনা ও সহিংসতা মুক্ত বাংলাদেশ চাই' শিরোনামে নারীপক্ষ'র প্রতিবাদ অবস্থান কর্মসূচি:**

  দেশে ধর্মীয় উন্মাদনা সৃষ্টি এবং নানা রকম হিংসাত্মক কার্যকলাপ ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী তৎপরতার বিরুদ্ধে **'ধর্মীয় উন্মাদনা ও সহিংসতা মুক্ত বাংলাদেশ চাই'** শিরোনামে নারীপক্ষ ২৪ কার্তিক ১৪২৭/৯ নভেম্বর ২০২০, বিকাল ৩.৩০-৪.৩০মি. নিজ কার্যালয়ের সামনে (**ধানমন্ডি ৫/এ, সাতমসজিদ রোড**) প্রতিবাদ অবস্থান কর্মসূচি করে। কর্মসূচিতে সচেতন সমাজ সেবা হিজড়া সংগঠন, সেক্স ওয়ার্কার্স নেটওয়ার্ক, সিডা, প্রাগ্রসর এর প্রতিনিধি, স্থানীয় জনগণসহ নারীপক্ষ'র সদস্য ও কর্মীরা অংশগ্রহণ করেন। **কর্মসূচিতে** প্রচারপত্র পাঠ ও বিতরণ করা হয়।

- **'প্রজন্মান্তরে নারীবাদী মৈত্রী'র বিক্ষোভ কর্মসূচিতে অংশগ্রহণ:** দেশব্যাপী নারী ও শিশুর উপর অব্যাহতভাবে বেড়ে চলা ধর্ষণ, যৌন নিপীড়ন, নির্যাতন ও হত্যার বিরুদ্ধে 'প্রজন্মান্তরে নারীবাদী মৈত্রী' ১০ অক্টোবর ২০২০, শনিবার বিকাল ৪টা - ৫টা জাতীয় সংসদ ভবনের সামনে একটি বিক্ষোভ কর্মসূচি করে। এর অংশীদার হিসেবে নারীপক্ষ এই কর্মসূচির সাথে যুক্ত ছিলো। লিঙ্গভিত্তিক সহিংসতার বিরুদ্ধে লড়াকু ব্যক্তিদের নিয়ে এই মৈত্রী গঠিত হয়েছে। সমাজের গভীরে গ্রথিত নারীর উপর সহিংসতা মোকাবিলা করতে আন্তঃপ্রজন্ম লড়াই চালিয়ে যেতে এই একত্রিত হওয়া, যার সাথে নারীপক্ষ যুক্ত। **'প্রজন্মান্তরে নারীবাদী মৈত্রী' এর ১০ অক্টোবর ২০২০- এর বিক্ষোভ কর্মসূচিতে অংশগ্রহণ এবং প্রচারপত্র ছাপানোর খরচ বাবদ নারীপক্ষ থেকে মোট ১২ হাজার টাকা অনুমোদন করা হয়। এই টাকা নারীপক্ষ'র সাংগঠনিক তহবিল থেকে দেয়া হয়।**

- **দেশব্যাপী ক্রমবর্ধমান নারী ও শিশু ধর্ষণ, নির্যাতন ও হত্যার প্রতিবাদে নারীপক্ষ'র বিক্ষোভ কর্মসূচি:**

  দেশব্যাপী ক্রমবর্ধমান নারী ও শিশু ধর্ষণ, **নির্যাতন ও হত্যা**, বিশেষকরে নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলায় একলাশপুর ইউনিয়নে গৃহবধূকে নির্যাতনের ঘটনার প্রতিবাদে নারীপক্ষ'র উদ্যোগে ২০ আশ্বিন ১৪২৭/০৫ অক্টোবর ২০২০, বিকাল ৫টা থেকে সন্ধ্যা ৬টা নারীপক্ষ কার্যালয়ের সামনে বিক্ষোভ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে প্রচারপত্র বিতরণ, ঘোষণাপত্র পাঠ, শ্লোগান ও প্রতিবাদী গান পরিবেশন করা হয়।

- **দেশব্যাপী ক্রমবর্ধমান নারী ও শিশু ধর্ষণ ঘটনার প্রতিবাদে "যৌন আক্রমণ আর না!!! ধর্ষণ ও যৌন নির্যাতনসহ সকল সহিংসতার বিরুদ্ধে আমরা" বিষয়ক অবস্থান কর্মসূচী:**

  গত **১৯** ভাদ্র ১৪২৬/৩ সেপ্টেম্বর ২০১৯ নারী ও শিশু ধর্ষণের ক্রমবর্ধমান ঘটনার প্রতিবাদে কর্মসূচির মাধ্যমে দেশব্যাপী নারীর সুরক্ষা অভিযানের সূচনা করা হয়। এরই ধারাবাহিকতায় নারীপক্ষ ২ আশ্বিন ১৪২৬/১৭ সেপ্টেম্বর ২০১৯, ১৫ আশ্বিন ১৪২৬/৩০ সেপ্টেম্বর ২০১৯, ২৮ আশ্বিন ১৪২৬/১৩ অক্টোবর ২০১৯, ২৪ অক্টোবর ২০১৯ এবং ১৯ কার্তিক ১৪২৬/৪ নভেম্বর ২০১৯, ৩ অগ্রহায়ণ ১৪২৬/১৮ নভেম্বর ২০১৯, ১৭ অগ্রহায়ণ ১৪২৬/২ ডিসেম্বর ২০১৯, ২৭ পৌষ ১৪২৬/১১ জানুয়ারি ২০২০, ৪ **ফাল্গুন ১৪২৬/১৭ ফেব্রুয়ারি ২০২০** প্রতিবাদ অবস্থান কর্মসূচি করে। ২৫ নভেম্বর ২০১৯ কেন্দ্রীয় শহীদ মিনার ঢাকা এবং ঢাকার বাইরে ২৪টি জেলায় প্রতীকী অনশন কর্মসূচি পালন করা হয়। অবস্থান কর্মসূচীতে নারীপক্ষ'র সহযোগী সংগঠনসহ, দুর্বার নেটওয়ার্ক, বিভিন্ন সংগঠনের প্রতিনিধি, সাধারণ জনগণ, শিক্ষক ও ছাত্র-ছাত্রীগণ অংশগ্রহণ করেন।

৬। **নারীপক্ষ'র বিভিন্ন কর্মশালা/বৈঠক:**

(ক) মাসিক বৈঠক: মাসের প্রথম মঙ্গলবার নারীপক্ষ'র মাসিক বৈঠক অনুষ্ঠিত হয়ে থাকে; সেই অনুযায়ী প্রতিবেদনকালে (০১ অক্টোবর ২০১৯ - ২৬ নভেম্বর ২০২০) ১৪ টি মাসিক বৈঠক হওয়ার কথা থাকলেও মোট ১৩টি মাসিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। কোভিড-১৯ এর কারণে ৭ এপ্রিল ২০২০ মাসিক সভা হয়নি।

(খ) সাপ্তাহিক বৈঠক: মাসের প্রথম মঙ্গলবার বাদে প্রতি মঙ্গলবার সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে। করোনা পরিস্থিতিতে লকডাউনের প্রথম দিকে কয়েকটি সভা হয়নি। পরবর্তীতে নারীপক্ষ থেকে জুম একাউন্ট ক্রয় করে নিয়মিতভাবে সকল সভা জুম অনলাইনে করা হচ্ছে। **৮ অক্টোবর ২০১৯ দুর্গা পূজা, ১০ ডিসেম্বর ২০১৯ আলোর স্মরণে কাটুক আঁধার অনুষ্ঠান, ১৭ মার্চ ২০২০ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মদিন উপলক্ষ্যে সরকারী ছুটি, ১৪ এপ্রিল ২০২০ ১লা বৈশাখ, ১১ আগস্ট ২০২০ শুভ জন্মাষ্টমী** এর ছুটি থাকায় মঙ্গলবারের সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয়নি।

(গ) নির্বাহী পরিষদ বৈঠক: **প্রতিবেদন কালে মোট ৩টি** (৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০, ৩০ জ্যৈষ্ঠ ১৪২৭/১৩ জুন ২০২০, **১৩ পৌষ ১৪২৬/২৮ ডিসেম্বর ২০১৯**) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ এবং এর বাস্তবায়ন অবস্থা নিম্নরূপ:

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **'এসির ব্যবহার সীমিতকরণ ও যথোপযুক্ত স্থানে লাগানোর জন্য এ্যাডভোকেসী' কার্যক্রম** | **৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০** | এই কাজটির দায়িত্ব সায়েমা হাসনীন এর পরিবর্তে পরিবেশ নিয়ে কাজ করে এমন কোন সদস্যকে (যেমন: মাহফুজা আক্তার মালা) দেয়ার বিষয়ে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে। | এ্যাডভোকেসি বিষয়ক সাক্ষাৎকারের জন্য ১০ নভেম্বর পরিবেশ , বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে চিঠি দেয়া হয়েছিল। পরবর্তীতে ১৭ নভেম্বর ২০২০ উক্ত মন্ত্রণালয়ের এনডিসি সচিব বরাবর সাক্ষাতের জন্য নারীপক্ষ'র ৪ জন সদস্যর নাম (শিরীন হক, তামান্না খান, আফসানা চৌধুরী, কামরুন নাহার) দিয়ে চিঠি দেয়া হয়েছে। |
| 'এরিনা' প্রকল্পের আওতায় গৃহীত বিশিষ্ট নারীদের সাক্ষাৎকারগুলো সংশোধন ও পরিমার্জন | ৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০ | 'এরিনা' প্রকল্পের আওতায় গৃহীত বিশিষ্ট নারীদের সাক্ষাৎকারগুলো সংশোধন ও পরিমার্জন করে দেয়ার জন্য সদস্য নাজমুন নাহার শেলীকে পাঠানো হবে। | **আফসানা চৌধুরী এমি সংশোধন ও পরিমার্জনের জন্য নাজমুন নাহার শেলীকে পাঠিয়েছেন।** |
| "সিকিউরিটি কাউন্সিল রেজ্যুলেশন ১৩২৫" এর সহ আয়োজকের দায়িত্ব নেয়া | ৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০ | ইউএন উইমেন নারীপক্ষকে তাদের একটি ইয়ুথ ফোকাস্‌ড ওয়েব ইভেন্ট- "সিকিউরিটি কাউন্সিল রেজ্যুলেশন ১৩২৫" এর সহ আয়োজক হওয়ার যে প্রস্তাব দিয়েছে তাতে সম্মতি জানানো হবে। কাজটির ফোকাল পার্সন থাকবেন সামিয়া আফরীন। | কাজটির ফোকাল পার্সন সামিয়া আফরীন |
| কর্মীকে ইন্টারনেট খরচ প্রদান | ৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০ | নারীপক্ষ'র যেসকল কর্মী 'করোনা'কালীন সময়ে বাসায় বসে ইন্টারনেট ব্যবহার করে কাজ করছে/সভা-বৈঠকে অংশগ্রহণ করছে তাদেরকে ইন্টারনেট খরচ প্রদান অব্যাহত রাখার বিষয়ে ব্যবস্থাপনা কমিটিতে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে এবং হালানাগাদ নির্বাহী পরিষদকে জানানো হবে। | **নিয়মিত দেয়া হচ্ছে।** |
| করোনা সংক্রমণ পরিস্থিতিতে নারীপক্ষ'র সহায়তা কর্মসূচি | ৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০ | 'করোনা' সংক্রমণ পরিস্থিতিতে নারীপক্ষ'র আর্থিক সহায়তা তহবিলে বর্তমানে যে ৪৪ হাজার ১৫৩/- টাকা অবশিষ্ট আছে তা আপাতত জমা থাকবে। কারো বিশেষ প্রয়োজন হলে এই টাকা ব্যবহার করা হবে। | **কুড়িগ্রামের বীরাঙ্গনাদের বন্যায় সহায়তার জন্য ৪৩,৮১৮/- টাকা দেয়া হয়েছে। বর্তমানে আছে ২০,৮১৮/-টাকা।** |
| নির্বাহী পরিষদ থেকে আফসানা চৌধুরী এমি- এর অব্যাহতি, নতুন সদস্য কোঅপ্ট করা এবং কোষাধ্যক্ষের দায়িত্ব বন্টন | ৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০ | • আফসানা চৌধুরী এমি- এর আবেদনের প্রেক্ষিতে তাকে নারীপক্ষ'র নির্বাহী পরিষদ এবং কোষাধ্যক্ষের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হলো।<br>• কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করবেন বর্তমান প্রচার সম্পাদক নাজমুন নাহার শেলী এবং এই মুহূর্তে নির্বাহী পরিষদের অন্য কোন সদস্য যেহেতু প্রচার সম্পাদকের দায়িত্ব নিতে অপারগ সেহেতু আপাতত প্রকল্প সম্পাদক ইউ এম হাবিবুন নেসা প্রচার সম্পাদকের দায়িত্ব পালন করবেন, অর্থাৎ ইউ এম হাবিবুন নেসা | আফসানা চৌধুরী এমি'র পরিবর্তে সদস্য কে. এ জাহান রুমীকে নির্বাহী পরিষদে কোঅপ্ট করা হলো। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | একাধারে প্রকল্প সম্পাদক ও প্রচার সম্পাদকের দায়িত্ব পালন করবেন। <br>● বর্তমান নির্বাহী পরিষদের এই জনবল সঙ্কট কাটিয়ে ওঠা এবং সংগঠনের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে নির্বাহী পরিষদের সদস্য সংখ্যা বাড়িয়ে **১১** জনের স্থলে **১৩** জন করার জন্য একটি বিশেষ সাধারণ সভা করা হবে আগামী বার্ষিক আলোচনার (২৭ ও ২৮ নভেম্বর ২০২০) এক ফাঁকে। | ● ৮ অক্টোবর ২০২০ বিশেষ সাধারণ সভা করা হয়েছে, সেখানে ২ জন সদস্য অমিতা দে ও আসমা বিথীকে নতুন নির্বাহী সদস্য হিসেবে যুক্ত করা হয়েছে। অমিতা দে কোষাধ্যক্ষ। |
| পুনর্মুদ্রণকৃত পোস্টার সদস্যদের পাঠানো | ৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০ | নারীপক্ষ'র যে তিনটি পোস্টার পুনর্মুদ্রণ করা হয়েছে তার স্ক্যান কপি সকল সদস্যকে পাঠানো হবে। | পাঠানো হয়েছে। |
| ত্রৈমাসিক কার্যক্রম প্রতিবেদন | ৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০ | নারীপক্ষ থেকে যেসকল প্রতিবাদ বিবৃতি দেয়া হয় তা কতটি পত্রিকায় ছাপা হয় এবং ফেসবুক ও ওয়েবসাইটে কতজন দেখেন তার একটি হিসাব ত্রৈমাসিক কার্যক্রম প্রতিবেদনে দেয়া হবে। | কোন কোন বিবৃতি কয়েকটি পত্রিকায় ছাপা হলেও নারীপক্ষ ফেসবুকে প্রতিটি বিবৃতি প্রায় ২০০০ জনে দেখছে। |
| **The Equality Fund's first grant program-** এর আওতায় তহবিল পেতে আবেদন | ৪ আশ্বিন ১৪২৭/১৯ সেপ্টেম্বর ২০২০ | The Equality Fund's first grant program- এর আওতায় তহবিল পেতে আবেদন করা হবে। এর ফোকালপার্সন হিসেবে প্রকল্প সম্পাদক ইউ এম হাবিবুন নেসা এর প্রোফাইল অনলাইনে পাঠানো হবে। | প্রকল্প সম্পাদকের সাথে আলোচনা সাপেক্ষে রওশন আরা অনলাইনে প্রকল্প প্রস্তাব পাঠিয়েছেন। নারীপক্ষ'র প্রোফাইল অনুমোদন করেছে তবে পুর্নাঙ্গ আবেদন করতে বলেছেন। |
| প্রকল্পসমূহের জন্য ব্যাংক হিসাব খোলার বিধান গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত করা | ৩০ জ্যৈষ্ঠ ১৪২৭/১৩ জুন ২০২০ | প্রকল্পসমূহের জন্য আলাদা আলাদা ব্যাংক হিসাব খোলার বিধান গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত করার জন্য একটি খসড়া তৈরি করে ইউ এম হাবিবুন নেসাকে পাঠানো হবে। তার মাধ্যমে খসড়াটি চূড়ান্ত করে অনুমোদনের জন্য নির্বাহী পরিষদের আগামী বৈঠকে দেয়া হবে। | কাজটি চলমান। |
| নারীপক্ষ'র ওয়েবসাইটের ইংরেজী ভার্সন- এর জন্য লেখা অনুবাদ | ৩০ জ্যৈষ্ঠ ১৪২৭/১৩ জুন ২০২০ | নারীপক্ষ'র ওয়েবসাইটের ইংরেজী ভার্সন- এ দেয়ার জন্য লেখাগুলোর ইংরেজী অনুবাদ কাজটি নারীপক্ষ'র সদস্য ও কর্মীদের মধ্যে যারা ইংরেজীতে পারদর্শী তাদের দ্বারা এই সময়ে করিয়ে নেয়া হবে, কারণ 'করোনা' সংক্রমণকালীন এই সময়ে ঘরে বসে কাজটি করার জন্য তাদের অনেকটা সুযোগ রয়েছে। | কাজ চলছে। |
| নারীপক্ষ'র কোন সদস্য বা কর্মী ঢাকার বাইরে প্রশিক্ষণ-কর্মশালা/সভা-বৈঠক/কর্মসূচি/ মাঠ পরিদর্শনে অংশগ্রহণকালে নিজের বাচ্চাকে সাথে নেয়ার নিয়মাবলী অনুমোদন | ৩০ জ্যৈষ্ঠ ১৪২৭/১৩ জুন ২০২০ | নারীপক্ষ'র কোন সদস্য বা কর্মী ঢাকার বাইরে প্রশিক্ষণ-কর্মশালা/সভা-বৈঠক/কর্মসূচি/মাঠ পরিদর্শনে অংশগ্রহণকালে নিজের বাচ্চাকে সাথে নেয়ার নিয়মাবলীটি নীতিগতভাবে অনুমোদন দেয়া হলো। আজকের বৈঠকের মতামত/পরামর্শ অনুযায়ী এটি সংশোধন করে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির আগামী বৈঠকে দেয়া হবে। | নীতিমালা অনুমোদন হয়েছে। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **নাজনীন সুলতানা রত্নাকে সাধারণ সদস্যপদ প্রদান** | **৩০ জ্যৈষ্ঠ ১৪২৭/১৩ জুন ২০২০** | নাজনীন সুলতানা রত্নাকে সাধারণ সদস্যপদ প্রদানের অনুমোদন দেয়া হলো। বিষয়টি তাকে চিঠি দিয়ে জানানো হবে। | সাধারণ সদস্যপদ প্রদান করা হয়েছে। |
| **'করোনা' সংক্রমণজনিত পরিস্থিতিতে অফিস ও আর্থিক ব্যবস্থাপনা** | **৩০ জ্যৈষ্ঠ ১৪২৭/১৩ জুন ২০২০** | • **<u>কার্যালয় খোলা</u>:** নারীপক্ষ কার্য়ালয় ৩০/০৬/২০ পর্যন্ত পূর্বের মতো বন্ধ থাকবে। কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটিতে আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে।<br>• **<u>চেক স্বাক্ষর</u>:** 'করোনা' সংক্রমণ পরিস্থিতির কারণে নারীপক্ষ'র সকল ব্যাংক হিসাব পরিচালনার স্বাক্ষরকারীর স্বাক্ষর সংগ্রহ করতে সমস্যা হচ্ছে বিধায়, আগামী ৬ মাসের জন্য নিম্নোক্ত সদস্যগণ সকল ব্যাংক হিসাব পরিচালনার স্বাক্ষরকারী থাকবেন:<br>১. অমিতা দে<br>২. ইউএম হাবিবুন নেসা<br>৩. মাহীন সুলতান ও<br>৪. রীনা রায়।<br>এদের মধ্যে যেকোন দুইজনের স্বাক্ষর থাকলেই হবে। -এই সিদ্ধান্তটি জানিয়ে ব্যাংকে চিঠি দেয়া হবে।<br>• **<u>ভাউচার স্বাক্ষর</u>:** ভাউচারসমূহ স্ক্যান করে সংশ্লিষ্ট অনুমোদনকারীর কাছে ই-মেইলে পাঠিয়ে দেয়া হবে, তিনি ই-মেইলেই অনুমোদন জানাবেন এবং পরবর্তীতে সময়-সুযোগমতো স্বাক্ষর করে দেবেন।<br>• **<u>সার্ভার সফ্‌টওয়ার স্থানান্তর</u>:** নারীপক্ষ'র সার্ভার সফ্‌টওয়ারটি এখন যেহেতু কার্যালয়ে ব্যবহার করা হচ্ছে না সেহেতু কাজের সুবিধার্থে আপাত সেটি সায়েমা হাসনীন এর কাছে থাকা নারীপক্ষ'র ল্যাপটপে স্থানান্তর করা হবে। এর খরচ (আনুমানিক ২৭ হাজারের কিছু বেশী) নারীপক্ষ বহন করবে।<br>• **<u>নারীপক্ষ'র কোন ইলেক্ট্রনিক সামগ্রী কর্মীর হেফাজতে থাকাকালীন হারিয়ে বা চুরি গেলে তার ক্ষতিপূরণ</u>:** 'করোনা' সংক্রমণ পরিস্থিতির কারণে বর্তমানে নারীপক্ষ'র কর্মীদের বাসায় বসে কাজ করতে নারীপক্ষ'র যেসকল ইলেক্ট্রনিক সামগ্রী (কম্পিউটার/ল্যাপটপ/মোবাইল ফোন/ক্যামেরা, ইত্যাদি) নিজ হেফাজতে রাখতে হচ্ছে তা হারিয়ে বা চুরি গেলে তার ক্ষতিপূরণের বিষয়টি এখন কর্মী এবং নারীপক্ষ'র যৌথ দায়িত্বে থাকবে; সেক্ষেত্রে ঘটনার বিচার-বিশ্লেষণ সাপেক্ষে প্রয়োজনীয় ব্যাবস্থা নেয়া হবে। -বিষয়টি জানিয়ে কর্মীদের একটি নোটিশ দেয়া হবে। | **চলমান** |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | • **কর্মীর ইন্টারনেট খরচ প্রদান:** 'করোনা'কালীন সময়ে নারীপক্ষ'র যেসকল কর্মী বাসায় বসে ইন্টারনেট ব্যবহার করে কাজ করছে তাদেরকে প্রয়োজন অনুযায়ী ইন্টারনেট খরচ হিসেবে মাসিক চারশত/পাঁচশত টাকা করে দেয়ার নীতিগত অনুমোদন দেয়া হলো।<br>এছাড়া, অফিস ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য সিদ্ধান্ত নেবে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটি। | |
| আর্থিক হিসাব প্রতিবেদন অনুমোদন | ৩০ জ্যৈষ্ঠ ১৪২৭/১৩ জুন ২০২০ | ডিসেম্বর ২০১৯ - মে ২০২০ সময়কালের আর্থিক হিসাব প্রতিবেদন সংশোধনসহ অনুমোদন করা হলো। হিসাব সংশ্লিষ্ট নোটগুলো যুক্ত করে নির্বাহী পরিষদ সদস্যদের পাঠিয়ে দেয়া হবে। | অনুমোদন হয়েছে। |
| 'নারীবান্ধব হাসপাতাল কর্মসূচি'র কর্মীদের অর্থসহায়তা প্রদান | ৩০ জ্যৈষ্ঠ ১৪২৭/১৩ জুন ২০২০ | 'নারীবান্ধব হাসপাতাল কর্মসূচি'র ৪ জন কর্মীর প্রত্যেককে নিজ নিজ ১ মাসের বেতনের সমপরিমান অর্থসহায়তা দেয়া হবে। এই টাকা নারীপক্ষ'র 'করোনা'কালীন অর্থ সহায়তা তহবিল থেকে দেয়া হবে। উল্লেখ্য, 'করোনা' সংক্রমনজনিত পরিস্থিতির কারণে 'নারীবান্ধব হাসপাতাল কর্মসূচি'র পরবর্তী পর্ব শুরুর প্রক্রিয়া আগায়নি। পূর্ববর্তী পর্বের চুক্তির মেয়াদ শেষ হয়েছে মার্চ ২০২০; ফলে প্রকল্পের ৪ জন কর্মী এপ্রিল ২০২০ থেকে উপার্জনহীন আছেন বিধায় অর্থ সঙ্কটে ভুগছেন। তারা নারীপক্ষ'র দীর্ঘদিনের কর্মী ও সদস্য। পরিস্থিতির উন্নতি হলে হয়তো নারীপক্ষ পুনরায় প্রকল্পটি বাস্তবায়নের সুযোগ পেতে পারে। এমতাবস্থায়, তাদের জন্য নারীপক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদানের সুপারিশ জানিয়েছেন প্রকল্প সমন্বয়কারী ডা. নাজমুন নাহার।<br>সার্বিক বিবেচনায় আজকের (১৩/০৬/২০) নির্বাহী পরিষদ বৈঠকে উপরোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | **৪ জন কর্মীকে ১ মাসের বেতনের সমপরিমান টাকা প্রদান করা হয়েছে।** |
| নারীপক্ষ'র প্রাথমিক সদস্য রেহানাকে (রাজশাহী) আর্থিক সহায়তা প্রদান | ৩০ জ্যৈষ্ঠ ১৪২৭/১৩ জুন ২০২০ | নারীপক্ষ'র প্রাথমিক সদস্য রাজশাহীর রেহানাকে নারীপক্ষ'র করোনোকালীন আর্থিক সহায়তা তহবিল থেকে প্রতিমাসে ১৫ শত টাকা করে ৩ মাস (মোট ৪,৫০০/- টাকা) সহায়তা দেয়া হবে। | প্রতিমাসে ১৫০০/- টাকা করে ৩ মাস (মোট ৪,৫০০/- টাকা) সহায়তা দেয়া হয়েছে। |
| নারীপক্ষ'র সদস্য-কর্মীদের 'নারীস্বাস্থ্য' পরীক্ষা | ১৩ পৌষ ১৪২৬/২৮ ডিসেম্বর ২০১৯ | কোন একটি নির্দিষ্ট দিনে নারীপক্ষ'র সদস্য ও কর্মীদের 'নারীস্বাস্থ্য' (ভায়া/প্যাপ-স্মেয়ার/স্তন ক্যান্সার/সিস্ট, ইত্যাদি পরীক্ষা করানোর সুযোগ চেয়ে পিজি হাসপাতাল ও ইব্‌নে সিনা হাসপাতাল কর্তৃপক্ষের কাছে চিঠি দেয়া হবে। | হেলথ এন্ড হোপ হাসপাতালের টীম নারীপক্ষ কার্যালয়ে এসে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা করেছেন। |
| 'যৌন হয়রানি' প্রতিরোধ নীতিমালা | ১৩ পৌষ ১৪২৬/২৮ ডিসেম্বর ২০১৯ | যৌন হয়রানি প্রতিরোধে নারীপক্ষ'র জন্য তৈরিকৃত খসড়া নীতিমালাটি নির্বাহী পরিষদ এর সকল সদস্যকে পাঠানো হবে। তাদের মতামতের ভিত্তিতে সংশোধন ও পরিমার্জন করে সভানেত্রীর (অর্চনা বিশ্বাস) অনুমোদন নেয়া হবে। | চুড়ান্ত হয়ে অনুমোদন হয়েছে। |
| নাসরীন হক হত্যা মামলার রায় | ১৩ পৌষ ১৪২৬/২৮ | • 'নাসরীন হক ট্রাস্ট' গঠনে নারীপক্ষ'র প্রতিনিধিত্ব করবেন কামরুন নাহার | • কামরুন নাহার প্রতিনিধিত্ব করছেন। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **পরবর্তী করণীয়** | ডিসেম্বর ২০১৯ | • শিরীন হককে জানানো হবে যে, 'এ্যাকশন এইড' বাংলাদেশ এর কাছে নাসরীন হক এর প্রাপ্য টাকার জন্য তার পরিবারের পক্ষ থেকে লিখিত আবেদন করতে হবে। | • ফলোআপ করা হয়েছে এবং শিরীন আপাকে জানানো হয়েছে। |
| **আর্থিক হিসাব প্রতিবেদন** | ১৩ পৌষ ১৪২৬/২৮ ডিসেম্বর ২০১৯ | • ১ আগস্ট - ৩০ নভেম্বর ২০১৯ সময়ের আর্থিক হিসাব প্রতিবেদন সংযোজন-বিয়োজনসহ অনুমোদন করা হলো।<br>• বিদেশে অবস্থানরত বন্ধু-শুভানুধ্যায়ীরা যে ছোট ছোট অনুদান দেবেন তা যে সদস্য/যিনি সংগ্রহ করবেন তাকে নারীপক্ষ'র গ্রহণ রশিদ দেয়া হবে এবং অনুদান দাতাকে বিষয়টি জানানো হবে।<br>• কোন প্রকল্পের জন্য ব্যাংক হিসাব খুলতে হলে এরজন্য নির্বাহী পরিষদ এর সিদ্ধান্ত থাকলেই হবে কি না সে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকের কাছ থেকে জানা হবে।<br>• যে বিষয়গুলোতে সাধারণ সভার অনুমোদন লাগবে তার একটি তালিকা করে নির্বাহী পরিষদ এর আগামী বৈঠকের আলোচ্যসূচিতে দেয়া হবে।<br>• মমতাজ বেগমের নাতনি সানজিদা আক্তার শিফাকে ডিসেম্বর ২০১৯ থেকে পরবর্তী ১ বছর মাসিক আর্থিক সহায়তা প্রদান অব্যাহত থাকবে। এই টাকা নারীপক্ষ'র নিজস্ব তহবিল থেকে দেয়া হবে।<br>• 'অক্টোবর সম্মেলন'এর বাজেট 'ক্লোজ' করে অবশিষ্ট টাকা যে যে যে খাতে খরচ হচ্ছে সেই সেই খাতে নিয়ে যাওয়া হবে। | চলমান |
| **নারীপক্ষ'র ওয়েবসাইটের ইংরেজী ভার্সন তৈরি এবং ডিজাইন উন্নত ও হালনাগাদ করা** | ১৩ পৌষ ১৪২৬/২৮ ডিসেম্বর ২০১৯ | নারীপক্ষ'র ওয়েবসাইটের ইংরেজী ভার্সন তৈরি এবং ডিজাইন উন্নত ও হালনাগাদ করার জন্য কামরুল হায়দার পিন্টু (যিনি ওয়েবসাইটটি তৈরি করে দিয়েছেন) এর সাথে বসবেন তামান্না খান পপি, আফসানা চৌধুরী এমি এবং আজাদ হোসেন। | ওয়েবসাইট হালনাগাদ করার জন্য কামরুল হায়দার পিন্টু (যিনি ওয়েবসাইটটি তৈরি করে দিয়েছেন) এর সাথে বসা হয়েছে। কিন্তু কাজ শুরু হয়নি। |
| **'নারীর উপর সহিংসতা প্রতিরোধ' প্রকল্প** | ১৩ পৌষ ১৪২৬/২৮ ডিসেম্বর ২০১৯ | 'নারীর উপর সহিংসতা প্রতিরোধ' প্রকল্পের দাতা সংস্থা ইউএন উইমেন- এর সাথে আলোচনার মাধ্যমে বিদ্যমান সমস্যাগুলো সমাধানের চেষ্টা করা হবে। তারা যদি নারীপক্ষ'র শর্ত/সুপারিশগুলো মেনে না নেয় তাহলে অপারগতা জানিয়ে প্রকল্প বাস্তবায়ন থেকে নারীপক্ষ সরে আসবে। | মার্চ ২০২০ পর্যন্ত প্রকল্প কার্যক্রম চলমান ছিল। এর পরে প্রকল্প বাস্তবায়ন থেকে নারীপক্ষ সরে আসছে। |
| **নারীপক্ষ'র প্রশিক্ষক সম্মানীর হার পর্যালোচনা** | ১৩ পৌষ ১৪২৬/২৮ ডিসেম্বর ২০১৯ | নারীপক্ষ'র প্রশিক্ষক সম্মানীর হার পূর্বেরটিই বহাল থাকবে। জ্যেষ্ঠ ও কনিষ্ঠ/প্রশিক্ষণ সহায়তাকারী নির্ধারণ করা হবে কাজের ধরন অনুযায়ী এবং সমন্বয়কারীর সাথে আলোচনা সাপেক্ষে। | চলমান |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **মানুষের জন্য ফাউন্ডেশন থেকে প্রেরিত নীতিমালাসমূহের বাংলা অনুবাদ চূড়ান্তকরণ** | ১৩ পৌষ ১৪২৬/২৮ ডিসেম্বর ২০১৯ | মানুষের জন্য ফাউন্ডেশন থেকে প্রেরিত নীতিমালাসমূহের (মোট ৭টি) বাংলা অনুবাদ চূড়ান্তভাবে দেখে দেবেন নাজমুন নাহার শেলী এবং ইউ এম হাবিবুন নেসা। | কাজটি হয়েছে। |
| **The Asia Pacific Refugee Rights Network (APRRN)- এর সদস্য হওয়া** | ১৩ পৌষ ১৪২৬/২৮ ডিসেম্বর ২০১৯ | The Asia Pacific Refugee Rights Network (APRRN)- এর সদস্য হওয়ার জন্য নারীপক্ষ'র কাছে যে প্রস্তাব এসেছে তাতে সম্মতি জানানো হবে। | নারীপক্ষ থেকে সম্মতি জানানো হয়েছে। |

**(ঘ) কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠক :**
প্রতিবেদন কালে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির মোট ১৮ টি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

**(ঙ) ব্যবস্থাপনা বৈঠক :**
**প্রতিবেদন সময়ে ৩টি ব্যবস্থাপনা বৈঠক যথাক্রমে ১১ পৌষ ১৪২৬/২৫ জানুয়ারি ২০২০, ২৮ আষাঢ় ১৪২৭/১২ জুলাই ২০২০ ও ২ ভাদ্র ১৪২৭/১৭ আগস্ট ২০২০ অনুষ্ঠিত হয়। ২৮ আষাঢ় ১৪২৭/১২ জুলাই ২০২০ অনলাইন জুমে অনুষ্ঠিত বৈঠকে কোষাধ্যক্ষ, প্রচার সম্পাদক ও ফজিলা বানু লিলিসহ মোট ১৩ জন অংশগ্রহণ করেন।**

**(চ) কর্মী বৈঠক :**
প্রতিবেদন সময়ে ৪টি কর্মী বৈঠক অনুষ্ঠিত হয়েছে যা নিম্নরূপ:
**১৪ পৌষ ১৪২৬/ ২৯ ডিসেম্বর ২০১৯, ২৫ মাঘ ১৪২৬/০৮ ফেব্রুয়ারি ২০২০, ১৩ আষাঢ় ১৪২৭/২৭ জুন ২০২০, ১৪ শ্রাবণ ১৪২৭/ ২৯ জুলাই ২০২০ কর্মী বৈঠক অনুষ্ঠিত হয়।**

**(ছ) ক্রয়-বিক্রয় কমিটির বৈঠক:**
প্রতিবেদনকালে ক্রয় বিক্রয় কমিটির ৫টি বৈঠক অনুষ্ঠিত হয়। ২৫ ফাল্গুন ১৪২৬/৯ মার্চ ২০২০, ১৩ ফাল্গুন ১৪২৬/২৬ ফেব্রুয়ারি ২০২০ ও ২৬ অগ্রহায়ণ ১৪২৬/০৩ ফেব্রুয়ারি ২০২০ ২৬ অগ্রহায়ণ ১৪২৬/১১ ডিসেম্বর ২০১৯ এবং ৮ পৌষ ১৪২৬/২৩ ডিসেম্বর ২০১৯। বৈঠকে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ ও তার বাস্তবায়ন অবস্থা নিম্নরূপ:

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়ন অবস্থা |
|---|---|---|---|
| সজাগ কোয়ালিশনের জন্য ৪টি গার্মেন্টস এর শ্রমিকের জন্য ৩০০টি টি-শার্ট তৈরি। | **২৫ ফাল্গুন ১৪২৬/৯ মার্চ ২০২০** | আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে সজাগ কোয়ালিশনের জন্য ৪টি গার্মেন্টস এর শ্রমিকের জন্য ৩০০টি টি শার্ট তৈরির দরপত্র আহবান করা হয়। টি শার্ট তৈরির জন্য ৩টি কোম্পানী থেকে দরপত্র সংগ্রহ করা হয়। দরপত্র পর্যালোচনায় দেখা যায়, এস. আর গার্মেন্টস ও সাইফ সাইদ ফ্যাশন ৩টি সাইজের টি শার্ট ভ্যাট ও ট্যাক্স ছাড়া ১০০ টাকা করে দরপত্র প্রদান করে। ক্রয় বিক্রয় কমিটি টি শার্টের কোয়ালিটি ও সর্বনিম্ন দর বিবেচনায় **সাইফ সাঈদ ফ্যাশন**কে কার্যাদেশ দেয়ার জন্য সুপারিশ করে। | ক্রয় বিক্রয় কমিটির সুপারিশে এবং কোষাধ্যক্ষের অনুমোদনক্রমে **সাইফ সাঈদ ফ্যাশন** থেকে ৩০০টি টি-শার্ট তৈরি করা হয়েছে। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়ন অবস্থা |
|---|---|---|---|
| ৮০ টি ফোল্ডার তৈরি | ১৩ ফাল্গুন ১৪২৬/২৬ ফেব্রুয়ারি ২০২০ | ইউবিআর এলায়েন্স এর যৌথ উদ্যোগে ২৭ ফেব্রুয়ারি ২০২০ গুন শুনানী "যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার" বিষক কর্মশালার জন্য ৮০টি ফোল্ডার এর জন্য ২টি প্রতিষ্ঠান থেকে দরপত্র সংগ্রহ করা হয়। দরপত্র পর্যালোচনায় দেখা যায়, কাক কমিউনিকেশন ও জয়তী ট্রেডিং হাউস দরপত্র প্রদান করে। নারীপক্ষ'র প্রশাসন থেকে জয়তী ট্রেডিং হাউস এর প্রোপ্রাইটর এর সাথে আলোচনা সাপেক্ষে দর কমিয়ে ভ্যাট ও ট্যাক্স ছাড়া ২৫০ টাকা করে নির্ধারণ করা হয়। কাজের পূর্ব অভিজ্ঞতা ও সর্বনিম্ন দরদাতা হিসেবে জয়তী ট্রেডিং হাউসকে কার্যাদেশ দেয়ার জন্য ক্রয় বিক্রয় কমিটি সুপারিশ করে। | ক্রয়-বিক্রয় কমিটির সুপারিশে এবং কোষাধ্যক্ষের অনুমোদনক্রমে জয়তী ট্রেডিং হাউস থেকে ৮০টি ফোল্ডার তৈরি কর হয়েছে। |
| ৩টি ডেস্কটপ, ২ টি ল্যাপটপ ও ২টি প্রিন্টার ক্রয় | ২৬ অগ্রহায়ণ ১৪২৬/০৩ ফেব্রুয়ারি ২০২০ | সুরক্ষা প্রকল্পের জন্য ১টি ডেস্কটপ, ১ টি ল্যাপটপ ও ১টি প্রিন্টার, 'নারীপক্ষ'র সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার ' প্রকল্পের জন্য ১টি ডেস্কটপ, ১টি ল্যাপটপ ও ১টি প্রিন্টার এবং নারীপক্ষ'র জন্য ১টি ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের জন্য ২টি সোল ডিস্টিবিউটর থেকে দরপত্র সংগ্রহ করা হয়। এইচ পি এর সোল ডিস্টিবিউটর স্মার্ট টেকনোলজি ও ফ্লোরা লিঃ এর দরপত্র তুলনা করে দেখা যায় সবগুলো পন্যের সর্বনিম্ন দরদাতা স্মার্ট টেকনোলজি। এছাড়াও স্মার্ট টেকনোলজির সাথে পূর্ব কাজের অভিজ্ঞতা ভাল এবং সোল ডিস্ট্রিবিউটর হওয়ায় ক্রয় বিক্রয় কমিটি উক্ত কোম্পানী থেকে নারীপক্ষ'র চাহিদা অনুযায়ী সবগুলো কম্পিউটার, ল্যাপটপ ও প্রিন্টার ক্রয় করার সুপারিশ করে। | কোষাধ্যক্ষের অনুমোদনক্রমে সবগুলো কম্পিউটার, ল্যাপটপ ও প্রিন্টার স্মার্ট টেকনোলজি থেকে কেনা হয়েছে। |
| ফটোকপিয়ার মেরামত | ২৬ অগ্রহায়ণ ১৪২৬/০৩ ফেব্রুয়ারি ২০২০ | নারীপক্ষ'র ফটোকপিয়ারটি প্রায় ১ বছর আগে কিছু খুচরা যন্ত্রাংশ পরিবর্তন করা হয়েছিল। বর্তমানে ফটোকপিয়ারটি ভাল কাজ করছে না, এজন্য স্মার্ট প্রিন্টিং সোলুয়েশন লি: থেকে ইঞ্জিনিয়ার এসে দেখে মেরামতের জন্য দরপত্র দিয়েছে। ২টি টোনারসহ মোট ৮টি খুচরা যন্ত্রাংশ ও সার্ভিসিং করা হয়। ক্রয় বিক্রয় কমিটি ফটোকপিয়ারটি পুরোপুরি ভাল করতে স্মার্ট প্রিন্টিং সোলুয়েশন লি: থেকে ১ নং দরপত্রটি অর্থাৎ ৮টি খুচরা যন্ত্রাংশ পরিবর্তন করে মেরামত করার জন্য সুপারিশ করে। | ক্রয়-বিক্রয় কমিটির সুপারিশে এবং কোষাধ্যক্ষের অনুমোদনক্রমে ফটোকপিয়ারটির স্মার্ট প্রিন্টিং সোলুয়েশন লি: থেকে মেরামত করা হয়। সেইসাথে ফটোকপিয়ারের ২টি টোনারও ক্রয় করা হয়। |
| পুরাতন অকেজো কম্পিউটার ও অন্যান্য বিক্রয় | ২৬ অগ্রহায়ণ ১৪২৬/০৩ ফেব্রুয়ারি ২০২০ | নারীপক্ষ'র কিছু পুরাতন ও অকেজো মনিটর, সিপিইউ, ইউপিএস ও প্রিন্টার বিক্রয়ের জন্য ২টি প্রতিষ্ঠান থেকে দরপত্র আনা হয়। দরপত্র পর্যালোচনা করে দেখা যায় ৪টি পন্যের মধ্যে ৩টি পন্যের সর্বোচ্চ দরদাতা শুভা এন্টারপ্রাইজ। একটি প্রিন্টারের সর্বোচ্চ দরদাতা মনিটর এন্টারপ্রাইজ। ক্রয়-বিক্রয় কমিটি থেকে প্রিন্টার এর সর্বোচ্চ দরদাতা মনির এন্টারপ্রাইজকে এবং মনিটর, সিপিইউ ও ইউপিএস এর সর্বোচ্চা দরদাতা শুভা এন্টারপ্রাইজ -এ বিক্রয়ের জন্য সুপারিশ করে। | ক্রয়-বিক্রয় কমিটির সুপারিশে এবং কোষাধ্যক্ষের অনুমোদনক্রমে প্রিন্টার মনির এন্টারপ্রাইজকে এবং অকেজো মনিটর, সিপিইউ, ইউপিএস ও প্রিন্টার শুভা এন্টারপ্রাইজ এর নিকট বিক্রি করা হয়। |

| | | | |
|---|---|---|---|
| ৩টি ডেস্কটপ, ৫টি ল্যাপটপ ও ২টি প্রিন্টার ক্রয় | ২৬ অগ্রহায়ণ ১৪২৬/১১ ডিসেম্বর ২০১৯ | নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ প্রকল্পের জন্য ৩টি ডেস্কটপ, ৪ টিল্যাপটপ ও ২টি প্রিন্টার এবং 'অধিকার আন্দোলনে নারীনেতৃত্ব' প্রকল্পের জন্য একটি ল্যাপটপ ক্রয়ের জন্য স্মার্ট টেকনোলজির সাথে পূর্ব কাজের অভিজ্ঞতা এবং সোল ডিস্টিবিউপর হওয়ায় উক্ত কোম্পানীকে কার্যাদেশ দিতে সুপারিশ করা হলো। (উল্লেখ্য, এই বৈঠকে সায়েমা হাসনীন, সামিয়া আফরীন ও রাশিদা হোসেন উপস্থিত ছিলেন।) | কোষাধ্যক্ষের অনুমোদনক্রমে 'নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ' প্রকল্পের জন্য ৩টি ডেস্কটপ, ৪টি ল্যাপটপ ও ২টি প্রিন্টার কেনা হয়েছে। 'অধিকার আন্দোলনে নারীর নেতৃত্ব বিকাশ' প্রকল্পের জন্য একটি ল্যাপটপ কেনা হয়েছে। |
| পেন ড্রাইভ ক্রয় | ৮ পৌষ ১৪২৬/২৩ ডিসেম্বর ২০১৯ | অধিকার এখানে এখনই প্রজল্পের জন্য ৩০টি পেন ড্রাইভ ক্রয় করতে ৩টি প্রতিষ্ঠান থেকে দরপত্র সংগ্রহ করা হয়। দরপত্র পর্যালোচনায় দেখা যায় মনির এন্টার প্রাইজ সর্বনিম্ন দরদাতা। ক্রয়-বিক্রয় কমিটি কাজের পূর্ব অভিজ্ঞতা ও সর্বনিম্ন দরদাতা হিসেবে মনির এন্টারপ্রাইজকে কার্যাদেশ দেয়ার জন্য সুপারিশ করেন। (উল্লেখ্য, এই বৈঠকে সায়েমা হাসনীন, কামরুন নাহার, সামিয়া আফরীন ও নাজমা বেগম উপস্থিত ছিলেন।) | 'অধিকার এখানে এখনই' প্রকল্পের জন্য ৩০টি পেন ড্রাইভ কেনা হয়েছে। |

**৭। নারীপক্ষ'র সকল প্রকাশনা নিয়ে কাজঃ**

নারীপক্ষ'র ইতিহাস সংগ্রহ ও সংরক্ষণের জন্য এই কাজটি ২০১৯ - ২০২১ এর দ্বি-বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। রেহানা সামদানী ও সাফিয়া আজীম এর তত্ত্বাবধানে এ পর্যন্ত মোট ১৪ জন সদস্যের সাক্ষাৎকার নেয়া হয়েছে। সাফিয়া আজীম এর বাবা অসুস্থ্য থাকার কারণে তিনি এই কাজে বেশি সময় দিতে পারননি বিধায় রেহানা সামদানী এর তত্ত্বাবধানে বাকী সদস্যদের সাথে যোগাযোগ করে ধারাবাহিকভাবে সদস্যের সাক্ষাৎকার নেয়ার প্রক্রিয়া চলছে। কাজটি বর্তমানে 'সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচির আওতায় করা হচ্ছে।

**৮। নারীস্বাস্থ্য বিষয় আলোচনা ও হাতে-কলমে পরীক্ষাঃ**

নির্বাহী পরিষদ এর গত ১১/০৫/১৯ বৈঠকে সিদ্ধান্ত অনুযায়ী 'হেলথ্ এ্যান্ড হোপ' এর সাথে ধারাবাহিক যোগাযোগের মাধ্যমে 'হেলথ্ এ্যান্ড হোপ' নারীপক্ষ কার্যালয়ে এসে স্তন ক্যান্সার নিয়ে আলোচনা ও পরীক্ষা-নিরীক্ষা করিয়েছে। তাছাড়া সকল কর্মীর সুগার (রক্ত) পরীক্ষাও করে। 'হেলথ্ এ্যান্ড হোপ' এর পরিচালক, ব্যবস্থাপক, ডাক্তার এবং দুই নার্সসহ মোট ৫ জন নারীপক্ষ কার্যালয়ে এসেছিলেন।
তারা বলেছেন, নারীপক্ষ'র যে কোন কর্মী বা সদস্যের স্বাস্থ্য সেবায় 'হেলথ্ এ্যান্ড হোপ' আন্তরিকতার সাথে সহযোগিতা করবে এবং ২৫% টাকা ছাড় দিবেন।

**৯। ১৩ মে, নারীপক্ষ'র প্রতিষ্ঠা বার্ষিকী পালনঃ মঙ্গলবার,** ১২ মে ২০২০ নারীপক্ষ'র ৩৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয় কোভিড সংক্রমনের কারণে অনুষ্ঠানটি অনলাইনে করা হয়।

সদস্য, সদস্য কর্মী ও কর্মীরা এতে অংশগ্রহণ করেন। প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আফসানা চৌধুরী এমি, কে. এ জাহান রুমী এবং কামরুন নাহার মিলে ছোট একটি প্রস্তুতি দলের পরিকল্পনা করেন। সেটি হলো শিরীন হক, ফিরদৌস আজীম ও ফজিলা বানু লিলির নিকট থেকে সংগঠনের প্রতিষ্ঠাকলীন সময় হতে নারীপক্ষ'র আর্দশ, উদ্দেশ্য, পথচলা, চ্যালেঞ্জ এর কথা শুনতে যেটি আমাদের সামনের দিকে এগিয়ে নিতে উদ্যমী করে তুলতে পারে।
তিনজনকে নিয়ে একটি প্যানেল করা হয়, যেহেতু তাঁরা প্রতিষ্ঠাকালীন সময় থেকে রয়েছেন। প্রত্যেকে ৬ মিনিট করে আলোচনা করেন।
নারীপক্ষ'র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শিরীন হক এর একটি সাক্ষাৎকার সকল সদস্য কর্মীকে পাঠানো হয়। সাক্ষাৎকারটি ১৯৮৯ তে যুক্তরাজ্য থেকে প্রকাশিত সাময়িকী Off our backs! প্রকাশ হয়েছিল। ইলোরা বাংলাদেশের নারী আন্দোলন/নারীর অগ্রগতি নিয়ে বই লিখছে। বইয়ের জন্য গবেষণা করতে গিয়ে কোন এক ডিজিটাল গহবর থেকে এটা উদ্ধার করেছে ।

**১০। নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ:**

- **'সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজালের প্রসার' বিষয়ক প্রকল্প:** 'ফাউন্ডেশন ফর জাস্ট সোস্যাইটি' এর অর্থসহায়তায় 'সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজালের প্রসার' বিষয়ক প্রকল্পের বাস্তবায়ন শুরু হবে জানুয়ারি ২০২০ থেকে। প্রথম ১ বছরের জন্য অনুমোদিত বাজেট ৭৫ হাজার ডলার। প্রকল্প বাস্তবায়নের জন্য লেটার অব ইন্টেন্ট চলে এসেছে এবং এর ভিত্তিতে এনজিও বিষয়ক ব্যুরোতে ঋউ-৬ জমা দেয়া হয়েছে। 'যোগাযোগ সংযোগ' ফরম পাঠিয়েছে, সেটি পূরণ করে পাঠাতে হবে। প্রকল্প সমন্বয়কারী ও কর্মদলসদস্য নির্ধারণ এখনও হয়নি। তামান্না খান পপি প্রকল্প সমন্বয়কারীর দায়িত্ব নিতে আগ্রহ প্রকাশ করেন।

- **'সুরক্ষা' প্রকল্প: "রোহিঙ্গা নারীদের পাশে আমরা"** কর্মসূচির আওতায় গৃহীত এই প্রকল্পটির মেয়াদ জুলাই ২০১৯ থেকে জুন ২০২০। কক্সবাজার জেলায় রোহিঙ্গা শরণার্থী এবং স্থানীয় জনগোষ্ঠির ৪টি ইস্যু বাস্তবায়নে এই প্রকল্প হাতে নেয়া হয়েছে। নারীপক্ষ ও ব্লাস্ট যৌথভাবে প্রকল্পটি বাস্তবায়ন করছে।

- **'নারীর উপর সহিংসতা প্রতিরোধ' প্রকল্প:**
  ইউএন উইমেন- এর আর্থিক সহায়তায় 'নারীর উপর সহিংসতা প্রতিরোধ' প্রকল্পের চুক্তি স্বাক্ষর হয়েছে। পটুয়াখালী, কুমিল্লা ও বগুড়ায় ৩টিসহযোগী সংগঠন নির্ধারণ করা হয়েছে।
  এই প্রকল্পের জন্য তিনজন কর্মী নিয়োগ দেয়া হয়েছে। ইতিমধ্যে দুইজন যোগদান করেছেন, বাকী একজন (লিপি লিলিয়ান রোজারিও) ১ মার্চ ২০২০ যোগদান করবেন, 'প্রকল্প পরিচালক' পদে বিডি জবস এর বিজ্ঞাপন দেয়া হয়েছে, নিয়োগ প্রক্রিয়া চলছে। ব্যাংক হিসাব খোলার জন্য কাগজপত্র জমা দেয়া হয়েছে।

- **'সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজালের প্রসার' বিষয়ক প্রকল্প:** 'ফাউন্ডেশন ফর জাস্ট সোস্যাইটি' এর অর্থসহায়তায় 'সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজালের প্রসার' বিষয়ক প্রকল্পের বাস্তবায়ন শুরু হবে জানুয়ারি ২০২০ থেকে। প্রথম ১ বছরের জন্য অনুমোদিত বাজেট ৭৫ হাজার ডলার। প্রকল্প বাস্তবায়নের জন্য লেটার অব ইন্টেন্ট চলে এসেছে এবং এর ভিত্তিতে এনজিও বিষয়ক ব্যুরোতে ঋউ-৬ জমা দেয়া হয়েছে। 'যোগাযোগ সংযোগ' ফরম পাঠিয়েছে, সেটি পূরণ করে পাঠাতে হবে। প্রকল্প সমন্বয়কারী ও কর্মদলসদস্য নির্ধারণ এখনও হয়নি। তামান্না খান পপি প্রকল্প সমন্বয়কারীর দায়িত্ব নিতে আগ্রহ প্রকাশ করেন।

**১১। 'নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা:**

২১-২৩ ডিসেম্বর ২০১৯ নারীপক্ষ ও সেন্টার ফর রিপ্রোডাকটিভ রাইটস যৌথভাবে 'নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার' বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করে। সেন্টার ফর রিপ্রোডাকটিভ রাইটস থেকে Prabina Bajracharaya, ব্র্যাক থেকে ড. হালিদা হানুম আক্তার, ব্লাস্ট থেকে আয়শা আক্তার বিভিন্ন অধিবেশনে মতবিনিময় করেন। এই প্রশিক্ষণ কর্মশালায় নারীপক্ষ, বাপসা, আরএইচস্টেপস, সবুজের অভিযান, দুর্বার নেটওয়ার্ক, ব্ল্যাস্ট, গণস্বাস্থ্য কেন্দ্র ও বন্ধু সোস্যাল ওয়েলফেয়ার সোসাইটির প্রতিনিধি মোট ২৬ জন অংশগ্রহণ করেন। এদের মধ্যে রহিঙ্গা নারীদের পাশে আমরা প্রকল্পের কক্সবাজার থেকে দুইজন উপস্থিত ছিলেন।

**১২। নাসরীন হক এর জন্ম বার্ষিকী- ১৮ নভেম্বর ২০২০:**

গত ৩ অগ্রহায়ণ ১৪২৭/ ১৮ নভেম্বর ২০২০, বুধবার নাসরীন হক এর জন্ম বার্ষিকী উপলক্ষে নারীপক্ষ বাংলাদেশ সময় রাত ৮ টায় 'বন্ধুদের হ্যাপী' নামে একটি অনলাইন অনুষ্ঠান করে। অনুষ্ঠানে তাঁর বন্ধুরা তাঁর গল্প শোনায়। এছাড়া তাঁর প্রিয় গান আর আবৃত্তিও করা হয়। নারীপক্ষ'র ফেসবুক পাতায় অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হয়েছে।

**১৩। নারীপক্ষ থেকে বিভিন্ন কর্মশালা/বৈঠকে অংশগ্রহণ:**

- ২৪ নভেম্বর ২০২০ এসএনএফ আয়োজিত তাজরীন দিবস উদযাপন উপলক্ষ্যে সভায় রওশন আরা অংশগ্রহণ করেন।

- **১৩ নভেম্বরন ২০২০ ভয়েস বাংলাদেশ আয়োজিত** Using Social Media for Advocacy **বিষয়ক কর্মশালায় কামরুন নাহার অংশগ্রহণ করেন।**

- ৯ নভেম্বর ২০২০ কর্মজীবী নারী আয়োজিত Discussion of Facts about Returnee Migrants বিষয়ক অনলাইন সভায় রওশন আরা ও সাবিনা ইয়াসমিন অনলাইনে অংশগ্রহণ করেন।

- ধর্ষণ, যৌন হয়রানি, নারী নির্যাতন নিয়ে বর্তমানে চলমান অস্থিরতার প্রেক্ষিতে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির যৌন হয়রানি প্রতিরোধ কমিটির উদ্যোগে ১৭ অক্টোবর, ২০২০/১ কার্তিক, ১৪২৭ ”ধর্ষণ-যৌন হয়রানির বিরুদ্ধে আমরা” শীর্ষক ওয়েবিনারের ফিরদৌস আজীম আলোচক হিসেবে ছিলেন।

- ৪ সেপ্টেম্বর ২০২০ সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত “Understanding COVID-19” বিষয়ক সেমিনারে শিরীন হক ও ফিরদৌস আজীম অংশগ্রহণ করেন।

- ২৬ আগস্ট ২০২০ ‘জাতীয় নদী মৈত্রী’ এর উন্মোচন উপলক্ষে সাংবাদিক সম্মেলনে (ওয়েবিনারে) শিরীন হক, তামান্না খান ও নাজমা বেগম অংশগ্রহণ করেন।

- ২০ আগস্ট ২০২০ ইউপিআর কর্মশালায় রওশন আরা অংশগ্রহণ করেন।

- ১৬ আগস্ট ২০২০ হিউম্যান রাইটস ফোরাম আয়োজিত Discussion on UPR Mid-term reporting এ ইউ এম হাবিবুন নেসা ও রওশন আরা অংশগ্রহণ করেন।

- ১৭ আগস্ট ২০২০ VOICE COVID-19 Technical Support এ কামরুন নাহার অংশগ্রহণ করেন।

- ২৭ ফাল্গুন ১৪২৬/১১ মার্চ ২০২০ লেশোর হোটেল গুলশান-এ Citizen’s Platform for SDGs, Bangladesh এর VNR 2020 of Bangladesh: Postitioning Non-State Actors বিষয়ক সম্মেলনের উদ্বোধনী পর্বে সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।

- ২৬ ফাল্গুন ১৪২৬/১০ মার্চ ২০২০ সিটিজেন প্ল্যাটফর্ম আয়োজিত “VNR of Bangladesh: Framework, Modalities and Expectations” দিনব্যাপী কর্মশালায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।

- ২৪ ফাল্গুন ১৪২৬/৮ মার্চ ২০২০ ব্লাস্ট আয়োজিত বিশ্ব সাহিত্য কেন্দ্রের মিলনায়তন-৩ এ “নারীর প্রতি সকল প্রকার বৈষম্য নিরসর ও উচ্চ আদালতের সাম্প্রতিক নির্দেশনা” বিষয়ক মতবিনিময় সভায় সাবিনা ইয়াসমিন ও রওশন আরা অংশগ্রহণ করেন।

- ২৪ ফাল্গুন ১৪২৬/৮ মার্চ ২০২০ আন্তর্জাতিক নারী দিবসে বিএসএমএমইউ বটতলা, শাহবাগ “জননীর জন্য পদগযাত্রা” এ নারীপক্ষ থেকে নাজনীন সুলতানা রত্না, জাহানারা খাতুন ও সৈয়দসালমা পারভীন অংশগ্রহণ করেন।

- ৬ মার্চ ২০২০ ডেইলী স্টার ও আইপিডিসি ফাইন্যান্স লিঃ আয়োজিত ’Unsung Women Nation Builders’-2020 বিষয়ক অনুষ্ঠানে কামরুন নাহার অংশগ্রহণ করেন।

- ২১ ফাল্গুন ১৪২৬/৫ মার্চ ২০২০ ইউএন ওমেন আয়োজিত আন্তর্জাতিক নারী দিবস এর থিম “I am Generation Equality: Realizing Women’s Rights” বিষয়ক সভায় মরিয়ম আক্তার অংশগ্রহণ করেন।

- ২১ ফাল্গুন ১৪২৬/৩ মার্চ ২০২০ একশন এইড আয়োজিত আন্তর্জাতিক নারী দিবস এর প্রতিপাদ্য “Equality begins at Home” বিষয়ে আলোচনা সভায় কামরুন নাহার, সামিয়া আফরীন ও নাজনীন সুলতানা রত্না অংশগ্রহণ করেন।

- ১৭ ফাল্গুন ১৪২৬/১ মার্চ ২০২০ ইনস্টিটিউট অব ওয়েলবীইং বাংলাদেশ এবং ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট কর্তৃক যৌথভাবে আয়োজিত “সবার জন্য সুযোগ: সবাই মিলে সমাজ” শীর্ষক মতবিনিময় সভায় টেলিফোন অপারেটর মর্জিনা আক্তার অংশগ্রহণ করেন।

- ৭ ফাল্গুন ১৪২৬/২০ ফেব্রুয়ারি ২০২০ সিপিডি আয়োজিত “Delivering SDGs in Bangladesh: role of Non-State Actors” সংলাপে সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।

- ২ ফাল্গুন ১৪২৬/১৫ ফেব্রুয়ারি ২০২০ “Protecting Freedom of Religion or Belief for All: Implementing UN Standards to tackle hate and promote dialogue” বিষয়ে ইউকে-ইউএন এ্যাডভোকেসী ওয়ার্কশপে সামিয়া আফরীন, কামরুন নাহার ও রওশন আরা অংশগ্রহণ করেন।

- ১ ফাল্গুন ১৪২৬/১৪ ফেব্রুয়ারি ২০২০ ছায়ানট আয়োজিত বসন্তের অনুষ্ঠানে সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ১৬ মাঘ ১৪২৬/২৯ জানুয়ারি ২০২০ Consultation Workshop on Methodology Validation for the study "Promoting Sustainable Conducive Environment for Female Health Workforce for a Gender Equatable Health System" শীর্ষক কর্মসূচিতে নাজনীন সুলতানা রত্না ও জাহানারা খাতুন অংশগ্রহণ করেন।
- ৭ মাঘ ১৪২৬/২১ জানুয়ারি ২০২০ সিপিডি ও এশিয়া ফাউন্ডেশন আয়োজিত "Youth Employment and Effectiveness of Public Services" বিষয়ক গায়লগে মারিয়ম আক্তার অংশগ্রহণ করেন।
- ৬ মাঘ ১৪২৬/২০ জানুয়ারি ২০২০ সলিডারিটি সেন্টার আয়োজিত "Ending Gender-Based Violence and Harassment (GBVH) at Work" বিষয়ক পরামর্শক সভায় রওশন আরা অংশগ্রহণ করেন।
- ৩ মাঘ ১৪২৬/১৭ জানুয়ারি ২০২০ বেঙ্গল শিল্পালয়ে স্যার ফজলে হাসান আবেদ এর স্মরণ সভায় মরিয়ম আক্তর অংশগ্রহণ করেন।
- ২ মাঘ ১৪২৬/১৬ জানুয়ারি ২০২০ ইউ এন ওমেন আয়োজিত কর্মপরিকল্পনার বিস্তারিত আলোচনায় শামীমা আক্তার অংশগ্রহণ করেন।
- ২ মাঘ ১৪২৬/১৬ জানুয়ারি ২০২০ বিসিডব্লিউএস আয়োজিত South-South Exchange on Gender Based Violence বিষয়ক দিনব্যাপী কর্মশালায় সাবিনা ইয়াসমিন অংশগ্রহণ করেন।
- ১১ ডিসেম্বর ২০১৯ বৃটিশ কাউন্সিল আয়োজিত "Policy workshop on the formulation of a National Policy Libraries of Bangladesh" বিষয়ক কর্মশালায় ফরিদা ইয়াছমিন অংশগ্রহণ করেন।
- ৪ ডিসেম্বর ২০১৯ ডব্লিউবিবি ট্রাস্ট আয়োজিত "অন্তর্ভুক্তিমুলক সমাজ গঠনে প্রতিবন্ধী ব্যক্তিদের অবদান" শীর্ষক আলোচনা সভায় টেলিফোন অপারেটর মর্জিনা বেগম অংশগ্রহণ করেন।
- ২৮ নভেম্বর ২০১৯ আইন ও শালিস কেন্দ্র আয়োজিত ডেইলি স্টার এর আজিমুর রহমান সম্মেলন কক্ষে Civil Society Dialogue with National Human Rights Commission, Bangladesh এ শাহনাজ আক্তার অংশগ্রহণ করেন।
- ১০ নভেম্বর ২০১৯ ইউ এন ওমেন আয়োজিত 16 Days of Actvism এ রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৭-২৯ অক্টোবর ২০১৯ বাংলাদেশ গার্ল গাইড এসোসিয়েশন, রাজধানী অঞ্চল, মোহাম্মদপুর গাইড জেলা কর্তৃক আয়োজিত নির্ধারিত গাইড ও রেঞ্জার ক্যাম্পে যৌন নির্যাতন প্রতিরোধের উপর আলোচনা করেন ইউ. এম হাবিবুন নেসা ও কামরুন নাহার।
- ২৩ অক্টোবর ২০১৯ একশন এইড বাংলাদেশ আয়োজিত বাংলা একাডেমিতে "National Youth Conference 2019" এ মরিয়ম অংশগ্রহণ করেন।
- ১৫ অক্টোবর ২০১৯ ইউরোপিয়ান ইউনিয়ন আয়োজিত human rights discussion with senior EU representatives এ শিরীন হক অংশগ্রহণ করেন।
- ১৫ অক্টোবর ২০১৯ সেন্টার ফর পলিসি ডায়লগ এবং অক্সফাম ইন্ বাংলাদেশের যৌথ উদ্যোগে এবং ইউরোপীয় ইউনিয়নের সহায়তায় "উপকূলীয় অঞ্চলে স্বাস্থ্যসেবা: সরকারী পরিষেবার কার্যকারিতা" শীর্ষক একটি সংলাপে নারীবান্ধব হাসপাতাল প্রকল্পের লাভলী ইয়াসমিন অংশগ্রহণ করেন।
- ৫ অক্টোবর ২০১৯ মৌলিক অধিকার সুরক্ষা কমিটি আয়োজিত জাতীয় প্রেসক্লাবে "গুম বিষয়ে জাতিসংঘের সুপারিশ ও বাস্তবতা" শীর্ষক আলোচনা সভায় রওশন আরা ও শিরীন হক অংশগ্রহণ করেন।

**১৪। দেশের বাইরে এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণ:**

- 25$^{TH}$ and 26$^{th}$ November 2019 'RIGHT HERE RIGHT NOW FINANCE OFFICERS TRAINING' এর সায়েমা হাসনীন অংশগ্রহণ করেন।

১৫। প্রতিবাদ বিবৃতিঃ

- সম্প্রতি বগুড়া- ৭ আসনের সংসদ সদস্য মোঃ রেজাউল করিম বাবলু জাতীয় সংসদে তার বক্তব্য প্রদানকালে বলেছেন, "দেশে ধর্ষণের ঘটনা বেড়ে গেছে এবং এরজন্য দায়ী নারীবাদীরা"। তিনি আরো বলেছেন, "অবশ্যই ধর্ষণের সঙ্গে মেয়েদের টি-শার্ট পরে রাস্তায় বের হওয়ার সম্পর্ক আছে"। এই বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে গত ৭ অগ্রহায়ণ ১৪২৭/২২ নভেম্বর ২০২০ **'ধর্ষণের জন্য নারীবাদ, নারীর পোশাক বা চাল-চলন নয়, দায়ী আপনাদের দৃষ্টিভঙ্গী ও আচরণ' শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।**

- হিন্দু ধর্মাবলম্বীদের 'শারদীয় দুর্গোৎসব'কে কেন্দ্র করে গাজীপুর, বরগুনা, ময়মনসিংহ, কুমিল্লাসহ দেশের বিভিন্ন স্থানে প্রতিমা ভাঙচুর এবং মন্দির ও হিন্দুদের বাড়িঘরে হামলা ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এর প্রতিবাদে ১৭ কার্তিক ১৪২৭ /২ নভেম্বর ২০২০ **"দেশে ধর্মীয় উন্মাদনা সৃষ্টি ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী তৎপরতায় নারীপক্ষ লজ্জিত, দুঃখভারাক্রান্ত এবং উদ্বিগ্ন" শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।**

- লংমার্চ এর উপরে হামলায় নারীপক্ষ'র প্রতিক্রিয়া জানিয়ে গত ৩ কার্তিক ১৪২৭১৯ অক্টোবর ২০২০ প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।

- বেগমগঞ্জ উপজেলার পূর্ব একলাশপুর গ্রামে স্থানীয় চার/পাঁচজন যুবক কর্তৃক এক নারীকে বিবস্ত্র করে ধর্ষণ ও নির্যাতনের ভিডিও এবং খবর ফেসবুকসহ বিভিন্ন প্রচারমাধ্যমে ভাইরাল হয়েছে ৪ অক্টোবর ২০২০। এ বিষয়ে গত ২০ আশ্বিন ১৪২৭/ ৫ অক্টোবর ২০২০ একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।

- **গরুচুরির অভিযোগে 'কক্সবাজারের চকোরিয়ায় স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক দুই নারীকে নির্যাতন ও অপমান-অপদস্ত করার ঘটনায় গত** ৯ ভাদ্র ১৪২৭/২৪ আগস্ট ২০২০ **নারীপক্ষ থেকে একটি প্রতিবাদ বিবৃতি পাঠানো হয়েছে।**

- ১০ ভাদ্র ১৪২৭/২৫ আগস্ট ২০২০ "জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠীর স্বদেশে প্রত্যাবর্তন ত্বরান্বিত করতে মিয়ানমার সরকারের উপর আন্তর্জাতিকভাবে চাপ সৃষ্টি এবং নারী ও শিশুর উপর সহিংসতা নিরসনসহ অনলাইনে সেবা প্রদানের জন্য সরকারী হটলাইন চালুর দাবি জানিয়ে একটি প্রেস বিজ্ঞপ্তি পাঠানো হয়। এত স্বাক্ষর করেন 'মিয়ানমার থেকে রোহিঙ্গা বিতাড়ণ ও বিচার প্রক্রিয়া' বিষয়ক মঞ্চ- এর পক্ষে শিরীন পা হক, সমন্বয়কারী "রোহিঙ্গা নারীর পাশে আমরা" কর্মসূচি, নারীপক্ষ এবং মন্‌জুর হাসান, নির্বাহী পরিচালক, সেন্টার ফর পীস অ্যান্ড জাস্টিস, ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

- ৫ ভাদ্র ১৪২৭/২০ আগস্ট ২০২০ "যে কোন ঘটনার সাথে যুক্ত বা ক্ষতিগ্রস্থ নারীকে অপদস্থ ও হেয় করার সংস্কৃতির বিরুদ্ধে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।

- সমগ্র বিশ্বের সাথে বাংলাদেশও আজ কোভিড -১৯ এর কড়াল গ্রাসে দিশেহারা কিন্তু এই মহা দুর্যোগেও দেশে ধর্ষণ, নির্যাতনসহ নারীর উপর সবধরনের সহিংসতা ঘটে চলেছে। এই প্রেক্ষিতে গত ২৬ আষাঢ় ১৪২৭/১০ জুলাই ২০২০ "ভয়াবহ করোনায়ও ধষর্কের ভয়াল থাবা" শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।

- ২৫ বৈশাখ ১৪২৭/০৮ মে ২০২০ "বিশ্বব্যাপি মহামারির এ মহাদুর্যোগেও নারীর উপর সহিংসতা থেমে নেই, নারীপক্ষ ক্ষুব্ধ" শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দোয়া হয়েছে।

- জাতীয় সংসদে জাতীয় পার্টির সংসদ সদস্য কাজী ফিরোজ রশীদ ও মুজিবুল হক ধর্ষণকারীদের 'ক্রসফায়ার'- এ মেরে ফেলার দাবি জানান। শুধু তাই নয়, সরকারদলীয় জ্যেষ্ঠ্য সংসদ সদস্য তোফায়েল আহমেদসহ আরো দুইজন সংসদ সদস্য তাদের এই দাবির প্রতি সমর্থন জানান। এর প্রতিক্রিয়া জানিয়ে ১ মাঘ ১৪২৬/১৫ জানুয়ারি ২০২০ "ধর্ষণকারীদের 'ক্রসফায়ার'- এ মেরে ফেলার দাবি উত্থাপনে নারীপক্ষ হতবাক ও ক্ষুব্ধ" শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।

- ২০ পৌষ ১৪২৬/৪ জানুয়ারি ২০২০ '৭১ এর বীরাঙ্গনা সন্ন্যাসী রানী এর মৃত্যুতে নারীপক্ষ থেকে গভীর শোক ও শ্রদ্ধা জ্ঞাপন করে একটি সংবাদ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। উল্লেখ্য গত ৪ জানুয়ারি ২০২০, শনিবার সকালে চারঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় বীরাঙ্গনা সন্ন্যাসী রানী এর মৃত্যু হয়। তিনি বীরাঙ্গনা মুক্তিযোদ্ধা হিসাবে সরকারের তালিকাভুক্ত ছিলেন না বিধায় মৃত্যুর পরেও তিনি রাষ্ট্রীয় মর্যাদাটুকু পাননি!

সাধারণভাবে স্থানীয় স্মশানে তাঁর দাফন সম্পন্ন হয়। নারীপক্ষ থেকে ফুল দিয়ে তাঁকে শেষ শ্রদ্ধা জানানো হয়।

- ৯ পৌষ ১৪২৬/২৪ ডিসেম্বর ২০১৯ **’৭১ এর বীরাঙ্গনা আফিয়া খাতুন চৌধুরী খঞ্জনী এর মৃত্যুতে নারীপক্ষ থেকে গভীর শোক ও শ্রদ্ধা জানিয়ে একটি** সংবাদ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। গত ২৩ ডিসেম্বর ২০১৯ রাত সাড়ে নয়টায় তাঁর মৃত্যু হয়। ২৪ ডিসেম্বর ২০১৯ রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর দাফন সম্পন্ন হয়।

- ১ অগ্রহায়ণ ১৪২৬/১৬ নভেম্বর ২০১৯ **“সৌদি আরব থেকে নারী কর্মীদের মৃতদেহ ফেরত আসা নিয়ে পররাষ্ট্র মন্ত্রীর মন্তব্যের প্রতিবাদ জানিয়ে একটি বিবৃতি দেয়া হয়। উল্লেখ্য,** বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন সৌদি আরব থেকে নারী কর্মীদের মৃতদেহ ফেরত আসা প্রসঙ্গে মন্তব্য করেছেন যে, “সৌদি আরবে কর্মরত ২ লাখ ২০ হাজার নারীর মধ্যে ৫৩ নারীর মরদেহ ফিরেছে, যা খুবই নগণ্য।

- মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলার নাজমা স্বচ্ছল জীবনের আশায় সৌদি আরবে চাকুরি করতে গিয়ে মৃত্যুর ৫৩ দিন পর গত ২৪ অক্টোবর ২০১৯ দেশে ফিরে আসে লাশ হয়ে। এর নিন্দা ও প্রতিবাদ জানিয়ে **“আর কোন নাজমাকে যেন লাশ হয়ে দেশে ফিরতে না হয়”** শিরোনামে গত **১৫** কার্তিক **১৪২৬/ ৩১** অক্টোবর ২০১৯ প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।

- ২৫ আশ্বিন ১৪২৬/১০ অক্টোবর ২০১৯ “বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদকে ছাত্রলীগের কর্মীবাহিনী কর্তৃক নৃশংসভাবে পিটিয়ে মারার ঘটনায় নারীপক্ষ’র ক্ষোভ ও উদ্বেগ জানিয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়ে।

**১৬। প্রতিবাদ জানিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ে ও অন্যান্যদের চিঠি:**

গত ৮ জুলাই ২০২০ রূপালী ব্যাংক লি. কর্তৃক এক সার্কুলারে বলা হয়েছে, মুজিব বর্ষ উপলক্ষে তাদের গৃহীত “বসত বাড়ির আঙ্গিনায়/ছাদে সবজি চাষে গৃহিনীদের প্রণোদনা- এর আওতায় ৪% সুদে বিশেষ কৃষিঋণ কর্মসূচি- ২০২০” এর মাধ্যমে শুধু বিবহিত নারীদের দশ হাজার থেকে পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত জামানত বিহীন কৃষিঋণ দেয়া হবে। এর প্রেক্ষিতে গত **১৯** আশ্বিন **১৪২৭**/০৪ অক্টোবর ২০২০ রপালী ব্যাংক লিমিটেড এর নির্বাহী পরিচালক বরাবর কেবলমাত্র ‘বিবাহ’ একজন নারীর যোগ্যতা বা কর্মক্ষমতার মাপকাঠী কিছুতেই হতে পারে না, তাই নারীপক্ষ এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অনতিবিলম্বে এই অপমানজনক ও বৈষম্যমূলক শর্তটি প্রত্যাহার করে নেয়ার জোর দাবিতে একটি চিঠি দেয়া হয়।
সেই প্রেক্ষিতে এই সুবিধার আওতায় ঋণ গ্রহণের জন্য **১৮** বছর হতে তদুর্ধ্ব বয়সের যেকোন মহিলা আবেদন করতে পারবেন মর্মে সংশোধিত ইস্তেহার জারী করেছে জানিয়ে তারা নারীপক্ষকে একটি চিঠি দিয়েছেন। এজন্য রপালী ব্যাংক লিমিটেড এর উপ-মহাব্যবস্থাপক জেবু সুলতানাকে নারীপক্ষ থেকে ধন্যবাদ চিঠি দেয়া হয়েছে।

**১৭। অভিনন্দনপত্র:**

- মিতা হক শিল্পকলায় বিশেষত সঙ্গীতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ‘একুশে পদক’ **পাওয়ায়** নারীপক্ষ’র প্রত্যেক সদস্য ও কর্মীর পক্ষ থেকে **অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে** ৬ ফাল্গুন **১৪২৬/১৯** ফেব্রুয়ারি ২০২০ **একটি চিঠি দেয়া হয়**। এর আগেও তিনি শিল্পকলা একাডেমি প্রবর্তিত ‘শিল্পকলা পদক’, রবীন্দ্রসাহিত্য গবেষণা ও চর্চায় অবদানের জন্য বাংলা একাডেমি প্রবর্তিত ‘রবীন্দ্র পুরস্কার’ এবং ‘চ্যানেল আই রবীন্দ্রমেলা আজীবন সম্মাননা’ পেয়েছেন।

- ডালিয়া নওশিন, শিল্পকলায় বিশেষত সঙ্গীতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে **‘একুশে পদক’ পাওয়ায়** নারীপক্ষ’র প্রত্যেক সদস্য ও কর্মীর পক্ষ থেকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে ৬ ফাল্গুন **১৪২৬/১৯** ফেব্রুয়ারি ২০২০ একটি অভিনন্দনপত্র দেয়া হয়। **তিনি** পূর্বেও ভারতের ‘অন্তর সঙ্গীত মহাবিদ্যালয়’ এবং ‘প্রচীন কলা কেন্দ্র’ থেকে উত্তর ভারতীয় ধ্রুপদী সঙ্গীত ও নজরুল সঙ্গীতে পারদর্শীতার স্বীকৃতি স্বরূপ “সঙ্গীত বিশারদ” উপাধি লাভ করেছেন।

১৮। শোকবার্তা ও শোক সংবাদঃ

- নারী আন্দোলনের অন্যতম সংগঠক, প্রগতিশীল ও গণতান্ত্রিক আন্দোলনের সক্রিয় কর্মী ও নারীনেত্রী রাখী দাশ পুরকায়স্থ- এর মৃত্যুতে নারীপক্ষ'র প্রত্যেক সদস্য কর্মীর পক্ষ থেকে গভীর শোক ও সমবেদনা জানিয়ে ১ ভাদ্র ১৪২৭/১৬ আগস্ট ২০২০ তাঁর স্বামী পঙ্কজ ভট্টাচার্য এবং মহিলা পরিষদ-এর সভানেত্রী বরাবর শোকবার্তা দেয়া হয়েছে।
- ২৫ মাঘ ১৪২৬/৮ ফেব্রুয়ারি ২০২০ লেখক সাংবাদিক গবেষক ও কবি মাহমুদ টোকন এর অকাল মৃত্যুতে তাঁর মা সৈয়দা মনোয়ারা বেগমকে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেককে গভীর সমবেদনা ও শোক জানিয়ে চিঠি দেয়া হয়।
- ব্র্যাক বাংলাদেশ- এর প্রতিষ্ঠাতা ফজলে হাসান আবেদ এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে গভীর সমবেদনা ও শোক প্রকাশ করে ৭ পৌষ ১৪২৬/২২ ডিসেম্বর ২০১৯ আসিফ সালেহ্ নির্বাহী পরিচালক, ব্র্যাক বাংলাদেশ বরাবর একটি শোকবার্তা দেয়া হয়।
- নারীপক্ষ'র সদস্য মাহবুবা মাহমুদ লীনা এর ছোট আসরারুল হক মাহমুদ (রুমি) এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা জানিয়ে তাঁর স্ত্রী নাদেজদা ফাতেমা শিখাকে ১৯ অগ্রহায়ণ ১৪২৬/৪ ডিসেম্বর ২০১৯ একটি শোকবার্তা দেয়া হয়।
- উবিনীগ এর নির্বাহী পরিচালক, ফরিদা আখতার বোন উন্নয়নকর্মী, শিক্ষক, সাংস্কৃতিক কর্মী এবং গবেষক ফেরদৌস আখতার লিলি এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা জানিয়ে ২৪ কার্তিক ১৪২৬/৯ নভেম্বর ২০১৯ শোকবার্তা দেয়া হয়।

১৯। সদস্য সংবাদ

- ড. নাজমুন নাহার এর ননদ ডা. শাহরুকি আমিন গত ১১ নভেম্বর ২০২০ এবং নাজমুন নাহার এর শ্বশুর আমিনুল ইসালম ১৪ নভেম্বর ২০২০ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গিয়েছেন।
- মনোয়ারা বেগম এর স্বামী মো: শাহজাহান ২৭ অক্টোবর ২০২০ মারা গিয়েছেন ।
- নাজমা বেগম এর বড় বোন নাসিমা বেগম ২৪ অক্টোবর ২০২০ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।
- রাজশাহীর শামীমা এর মেয়ে জান্নাতুল মাকফুরা তীথি ২০ জুন ২০২০ মারা গেছেন।
- রাজশাহীর খোদেজা আক্তার ও রেহানা আক্তার এর মা শরীফা বেগম ৭ জুলাই ২০২০ মারা গিয়েছেন।
- মাহীন সুলতান এর স্বামী মোজাম্মেল হক ৮ আগস্ট ২০১৯ মারা গিয়েছেন ।
- নারীপক্ষ'র যশোরের সদস্য আফরোজা বেগমের বাবা মোঃ আব্দুল মালেক সিকদার (অবসরপ্রাপ্ত কাস্টমস সুপারিনটেন্ডেন্ট) গত ২৫ আগস্ট ২০২০ যশোর ষষ্টিতলার নিজ বাসভবনে ৮৯ বছর বয়সে বার্ধক্য জনিত কারণে ইন্তেকাল করেছেন। আফরোজা বেগমের মা আনোয়ারা বেগম গত ১৮ আগস্ট ২০২০ স্ট্রোক করলে হাসপাতালে নেওয়ার পথে ৭৮ বছর বয়সে ইন্তেকাল করেছেন।
- গত ১০ ফেব্রুয়ারি ২০২০, সোমবার সন্ধ্যায় মুক্তিযোদ্ধা সাফিনা লোহানী মারা গেছেন। তিনি নারীপক্ষ'র কোষাধ্যক্ষ আফসানা চৌধুরী এমি'র মা। উল্লেখ্য সাফিনা লোহানীর সংগঠন 'উত্তরণ মহিলা সংস্থা'র মাধ্যমে নারীপক্ষ মার্চ ২০১২ থেকে সিরাগঞ্জের ২১ জন বীরাঙ্গনাকে মাসিক ভাতা দিতে শুরু করে। এ কার্যক্রম এখনও চলমান রয়েছে। **মুক্তিযোদ্ধা সাফিনা লোহানী এর মৃত্যুতে নারীপক্ষ থেকে গভীর শোক ও শ্রদ্ধা জ্ঞাপন করে নারীপক্ষ'র ফেসবুকে একটি লেখা দেয়া হয়।**
- ফিরদৌস আজীম, সাফিয়া আজীম ও তাসনিম আজীম এর বাবা সৈয়দ আনোয়ারুল আজীম ১ ফেব্রুয়ারি ২০২০ মারা গেছেন।
- ফেরদৌসী আখতার এর স্বামী মোঃ আইয়ুব ইসলাম গত ২৯ মে ২০২০ ভোরবেলা হার্ট এটাক করে মারা গিয়েছেন। তিনি ক্যান্সারে আক্রান্ত ছিলেন। তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে নারীপক্ষ'র ফেসবুকে একটি লেখা দেয়া হয়েছে।

- নাজনীন আখতার এর মা ও শিরীন পারভীন হক এর চাচী আখতারুন নাহার আইভী গত ২৬ মে, ২০২০ বিকাল ৫-৫২ মিনিটে গণস্বাস্থ্য নগর হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।
- অধ্যাপক ফিরদৌস আজীম এর স্বামী সনামধন্য স্থপতি বশিরুল হক গত ৪ এপ্রিল ২০২০ সন্ধ্যা ৬ টায় ৭৭ বছর বয়সে গণস্বাস্থ্য নগর হাসপাতালে মারা গেছেন।
- ফরিদা ইয়াসমিন এর মেঝ বোন রেবেকা সুলতানা রেবা গতকাল ১ এপ্রিল ২০২০ রাত ২টায় তার নিজের বাসা কুমিল্লায় মারা গেছেন।
- মাহবুবা মাহমুদ লীনা এর ছোট ভাই আসরারুল হক মাহমুদ (রুমি) ২৩ নভেম্বর ২০১৯ মারা গেছেন।

২০। কর্মী সংবাদ

- ২০ জুলাই ২০২০ সেলিনা আক্তার এর বাবা বার্ধক্য জনিত কারণে মারা গেছেন
- ২৯ আগস্ট ২০২০ অরবিন্দু দাস এর বাবা বার্ধক্যজনিত অসুস্থ্যতার কারণে মারা গেছেন এবং তার ছোট ভাই ১০ মার্চ ২০২০ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছে।
- নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ প্রকল্পে শামিমা আক্তার ৩১ জানুয়ারি ২০২০ চাকুরী থেকে অব্যাহতি নিয়েছেন।
- সেবা প্রকল্পের প্রকল্প কর্মকর্তা জাহানারা খাতুন ২৬ ফেব্রুয়ারি ২০২০ চাকুরী থেকে অব্যাহতি নিয়েছেন।
- নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ প্রকল্প স্থগিত হওয়ায় তিনজন প্রকল্প কর্মীর মধ্যে নাসরীন আক্তার সুরক্ষা প্রকল্পে প্রকল্প কর্মকর্তা পদে যোগদান করেছেন।
- সাংগঠনিক শক্তিবৃদ্ধি  এবং কর্মজাল প্রসার' কর্মসূচি জানুয়ারী ২০২০ থেকে শুরু হয়েছে এবং এই প্রকল্পে দুইজন সহব্যবস্থাপক পদে রহিমা বেগম ও সদস্য নাজমা বেগম  যোগদান করেছেন।
- নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ প্রকল্পে শামিমা আক্তার ৪ নভেম্বর ২০১৯ ও এন্টিনা রড্রিকস ০১ ডিসেম্বর ২০১৯ সহ প্রকল্প ব্যবস্থাপক পদে যোগদান করেছেন।

প্রতিবেদন প্রস্তুতকারী:

মোঃ আজাদ হোসেন
সহকারী ডকুমেন্টেশন ও তথ্য পযুক্তি কর্মকর্তা
নারীপক্ষ।

প্রতিবেদন সংশোধন ও পরিমার্জন

মনীষা মজুমদার
ডকুমেন্টেশন কর্মকর্তা
নারীপক্ষ